ভূগোল।

তত্ত্ববোধিনী সভার অধ্যক্ষদিগের অনুমত্যনুসারে

তৎসভ্য শ্রী অক্ষয়কুমার দত্ত কর্ত্তৃক
প্রস্তুত হইয়া

তত্ত্ববোধিনী সভা হইতে মুদ্রাঙ্কিত হইল।

কলিকাতা।

শকাব্দাঃ ১৭৬৩।

ভূমিকা।

ইদানীং দেশহিতৈষি বিদ্যোৎসাহি মহাশয়দিগের দৃঢ় উদ্যোগে স্থানে২ যেপ্রকার প্রকৃষ্ট পদ্ধতি ক্রমে বঙ্গভাষার অনুশীলন হইতেছে, তাহাতে ভবিষ্যতে এদেশীয় ব্যক্তিগণের বিদ্যা বুদ্ধির উন্নতি হওনের বিলক্ষণ সম্ভাবনা আছে, কিন্তু ঐভাষায় এপ্রকার প্রচুর গ্রন্থ দৃষ্ট হয় না যে তদ্দ্বারা বালক দিগকে সুচারুরূপে শিক্ষা প্রদান করা যায়। এই সুযোগযুক্ত সময়ে যদি এ অকিঞ্চন হইতে কিঞ্চিৎ দেশের উপকার সম্ভবে এই মানস করিয়া চন্দ্র সুধালোভি উদ্বাহু বামনের ন্যায় দীর্ঘ আশায় আসক্ত হইয়া বহুক্লেশে বহু ইংরাজি গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া বালক দিগের বোধগম্য অথচ সুশিক্ষাযোগ্য এই ভূগোল পুস্তক প্রস্তুত করিয়াছি। যে সকল গ্রন্থ হইতে সংগ্রহ করা গিয়াছে তাহার বিবরণ যথা।

ক্লিফটের ভূগোল সূত্র, হেমিলটনের ইষ্ট ইণ্ডিয়া গেজেট, মিচেলস ভূগোল এবং মাপ এবং অন্য২ গ্রন্থ ও মাপ।

ইংরাজী দুই মাইলে এক ক্রোশ এবং একগজে দুই হাত, এইরূপ পরিমাণ এতদ্দেশে প্রচলিত আছে

ফলতঃ অন্য প্রাচীন প্রকার পরিমাণ সহজে লোকের বোধগম্য হয় না, এইজন্য চলিত প্রথামতে দেশ পর্ব্বত নদী প্রভৃতির পরিমাণ করা গিয়াছে।

এই পুস্তক প্রস্তুত হইয়া উপায়াভাবে কিয়ৎকাল অপ্রকটিত ছিল, পরে তত্ত্ববোধিনী সভা বিশেষরূপে সুপ্রসন্না হইয়া স্বীয় বিত্তব্যয় দ্বারা ইহাকে প্রকাশিত করত যে প্রকার কৃপা বিতরণ করিলেন, তাহাতে সাহস পূর্ব্বক কহিতে পারি, যে উক্ত সভার এরূপ অনুগ্রহ না হইলে এই পুস্তক সাধারণ সমীপে কদাচ এরূপে উদিত হইত না, অতএব চিত্তমধ্যে এই অতুল উপকারকে যাবজ্জীবন জাগরূক রাখিয়া তাহার কৃপা মূল্যে বিক্রীত থাকিলাম।

শ্রীঅক্ষয়কুমার দত্ত।

ওঁতৎসৎ।

ভূগোল।

প্রথমাধ্যায়।

যে বিদ্যা দ্বারা পৃথিবীর আকার পরিমাণ এবং তাহার উপরি ভাগস্থ স্থান সমুদয় জ্ঞাত হওয়া যায় তাহার নাম ভূগোল বিদ্যা।

ভূ শব্দের অর্থ পৃথিবী এবং গোল শব্দে গোলাকার, অতএব গোলাকার পৃথিবী বিষয়ক বিদ্যাকে ভূগোল বিদ্যা কহা যায়।

পৃথিবীর আকৃতি প্রায় গোল অর্থাৎ যেমন কমলালেবু গোলাকার অথচ তাহার বোঁটার নিকট কিঞ্চিৎ নিম্ন, সেইরূপ পৃথিবীও গোল কিন্তু উত্তর দক্ষিণে কিঞ্চিৎ চাপা।

পৃথিবী যে গোলাকৃতি তাহার পরিমাণ।

প্রথমতঃ যখন পৃথিবী সূর্য্য এবং চন্দ্রের মধ্যবর্ত্তিনী হয় তখন পৃথিবীর ছায়া চন্দ্রে লগ্না হওয়াতে চন্দ্রগ্রহণ জন্মে, চন্দ্রে সেই ছায়া সম্পূর্ণ গোলাকৃতি দেখা যায়, যে গোলাকৃতি ছায়া গোলাকার বস্তু বিনা সম্ভবেনা।

দ্বিতীয়তঃ যদি কোন জাহাজ তীর হইতে সাগরের অধিক দূরে গমন করিতে থাকে, তবে আদৌ তাহার নিম্নভাগ তীরস্থ লোকদিগের অদৃশ্য হয়, পরে সেই জাহাজ ক্রমশঃ যত দূরে যায়, ততই ক্রমে২ অদৃশ্য হইতে থাকে, অবশেষ তাহার সর্ব্ব অবয়ব অদৃশ্য হয়। অতএব যদি পৃথিবীর আকার গোল না হইত, তবে জাহাজের সর্ব্ব অবয়ব ক্রমে ক্ষুদ্র রূপে দেখা যাইত এবং যে লোকেরা সাগর হইতে তীরে আইসে তাহারা প্রথমে পর্ব্বত শৃঙ্গ দেখিতে পায়, পরে যত তীরের নিকটবর্ত্তী হইতে থাকে, ততই বৃক্ষ গৃহাদি অবশেষ মৃত্তিকাপর্য্যন্ত দেখিতে পায়।

তৃতীয়তঃ কোন২ নাবিক ইংলণ্ড হইতে নৌকারোহণ পূর্ব্বক ক্রমশঃ পূর্ব্বমুখে গমন করত মুখ পরিবর্ত্ত না করিয়া সেই মুখেই পুনর্ব্বার ইংলণ্ডে উত্তীর্ণ হইয়াছিলেন। কুক মেগেলন প্রভৃতি নাবিকেরা পৃথিবী বেষ্টন করিয়াছেন।

পৃথিবীর পরিধি প্রায় ১২,৫০০ ক্রোশ এবং ব্যাস প্রায় ৪০০০ ক্রোশ।

পৃথিবীর দুই প্রকার গতি যথা সাম্বৎসরিক গতি এবং আহ্নিক গতি। যে গতিদ্বারা পৃথিবী ৩৬৫ দিন এবং ৬ ঘটিকা বা ১৫ দণ্ডে একবার সূর্য্যকে প্রদক্ষিণ করে তাহার নাম সাম্বৎসরিক গতি, ইহাতে এক

বৎসর হয় এবং পৃথিবী যে গতিদ্বারা ২৪ ঘটিকায় অর্থাৎ ৬০ দণ্ডে চক্রের ন্যায় একবার নিজনাভিকে বেষ্টন করে, তাহার নাম আহ্নিক গতি, ইহার দ্বারা দিবা রাত্রি হয়, কেন না নাভি বেষ্টন কালীন যে২ দেশ সূর্য্যের সম্মুখে থাকে, সেইকালে তত্তৎ দেশে দিন হয়, এবং যে২ দেশ তাহার বিপরীত ভাগে রহে তত্তৎ দেশে রাত্রি হয়।

পৃথিবীর মধ্য ভেদ করিয়া যে কাল্পনিক রেখা উত্তর হইতে দক্ষিণপর্য্যন্ত কল্পনা করা যায়, তাহার নাম নাভি ৮।

নাভির শেষ ভাগকে কেন্দ্র কহা যায় যথা উত্তর শেষ, উত্তর কেন্দ্র, এবং দক্ষিণ শেষ, দক্ষিণ কেন্দ্র নামে খ্যাত আছে! উত্তর কেন্দ্র হইতে দক্ষিণ কেন্দ্র ১৮০ অংশ বা প্রায় ৬২৫০ ক্রোশ যেহেতু তাহা পৃথিবীর পরিধির অর্দ্ধ ভাগ।

ভূগোলের স্থান নিরূপণজন্য কতিপয় বৃহন্মণ্ডল এবং কতিপয় ক্ষুদ্র মণ্ডল কল্পনা করা গিয়াছে, তন্মধ্যে বৃহন্মণ্ডল পৃথিবীকে দুই সমভাগে বিভাগ করে। এবং ক্ষুদ্র মণ্ডল দুই অসমভাগে বিভাগ করে।

সমুদয় বৃহন্মণ্ডল ৩৬০ অংশে বিভক্ত হয়, ভূগোলীয় অংশের পরিমাণ ৩৪৮ ক্রোশ।

যে কল্পিত বৃহন্মণ্ডল উভয় কেন্দ্রের সমদূরে থাকিয়া

পৃথিবী বেষ্টন করিয়া পূর্ব্বপশ্চিমে ব্যাপ্ত আছে তাহার নাম বিষুবরেখা। বিষুবরেখা উভয় কেন্দ্র হইতে ৯০ অংশ।

বিষুবরেখা হইতে ২৩॥ অংশ উত্তরে যে ক্ষুদ্র মণ্ডল ভূগোল বেষ্টন করিয়া পূর্ব্ব পশ্চিমে ব্যাপ্ত আছে, তাহার নাম কর্কট মণ্ডল। রেখাভূমি হইতে ২৩॥ অংশ দক্ষিণে যে ক্ষুদ্র মণ্ডল ভূগোল বেষ্টন করিয়া পূর্ব্বপশ্চিমে ব্যাপ্ত আছে তাহার নাম মকর মণ্ডল।

উত্তর কেন্দ্র হইতে ২৩॥ অংশ অন্তরে যে ক্ষুদ্র মণ্ডল পূর্ব্বপশ্চিমে ব্যাপ্ত আছে তাহাকে উত্তর কেন্দ্রীয় মণ্ডল বলা যায়। দক্ষিণ কেন্দ্র হইতে ২৩॥ অংশ অন্তরে যে ক্ষুদ্র মণ্ডল পূর্ব্বপশ্চিমে ব্যাপ্ত আছে, তাহাকে দক্ষিণ কেন্দ্রীয় রেখা বলা যায়।

পৃথিবীর উত্তর দক্ষিণ পরিমাণকে অক্ষাংশ কহা যায়। যে সকল অক্ষাংশ পরিমাপক রেখা পরস্পর সমান অন্তরে থাকিয়া ভূগোলের পূর্ব্বপশ্চিমে ব্যাপ্ত আছে তাহারদিগকে সমান্তরা অক্ষাংশরেখা বলা যায়। যথা লণ্ডন নগর উত্তর অক্ষাংশের ৫১॥অংশে স্থাপিত আছে।

পৃথিবীর পূর্ব্বপশ্চিম পরিমাণকে দ্রাঘিমা কহা যায় যে সকল দ্রাঘিমা পরিমাপকরেখা এক কেন্দ্র

হইতে অন্য কেন্দ্র পর্য্যন্ত ব্যাপ্ত আছে, তাহারদিগকে নাম মধ্যাহ্নিক রেখা যেহেতু সূর্য্য মধ্যাহ্নকালে সেই রেখার উপরে অবস্থিতি করেন ॥ সকলস্থানেরই আপন২ মধ্যাহ্নিক রেখা আছে ।• দ্রাঘিমা পরিমাণের আরম্ভ স্থান নির্ণয় নাই, সকল জাতিই স্ব২ দেশ হইতে দ্রাঘিমা পরিমাণ করে । যথা ফরাশীশ লোকেরা পারিস রাজধানী হইতে এবং ইংরাজেরা লণ্ডন রাজধানী হইতে দ্রাঘিমা পরিমাণ করে । উত্তমাশা অন্তরীপ পূর্ব্ব দ্রাঘিমার ১৮৷৷ অংশে এবং দক্ষিণ অক্ষাংশের ৩৪৷৷ অংশে স্থাপিত আছে ।

কেন্দ্রীয় মণ্ডল, মকর মণ্ডল এবং কর্কটমণ্ডল দ্বারা পৃথিবী যে কতিপয় ভাগে বিভক্ত হয়, তাহারদিগেরকে কটিবন্ধ কহা যায়, যেহেতু কটিবন্ধের ন্যায় তাহারা ভূগোলের পূর্ব্বপশ্চিমে বেষ্টিত আছে। সর্ব্বসুদ্ধ পঞ্চ কটিবন্ধ আছে যথা এক উষ্ণকটিবন্ধ, দুই মাধুর্য্যকটিবন্ধ এবং দুই শীত কটিবন্ধ ।

বিষুবরেখার উত্তরে কর্কটমণ্ডল হইতে এবং দক্ষিণে মকর মণ্ডল পর্য্যন্ত যে স্থান, তাহাকে উষ্ণকটিবন্ধ কহা যায় । তাহা উত্তর দক্ষিণে প্রায় ১৬২০৷৷ ক্রোশ প্রস্থ । অতি উত্তাপজন্য পণ্ডিতেরা ইহাকে উষ্ণ কটিবন্ধ কহিয়াছেন ।• উষ্ণকটিবন্ধে অতিশয় গ্রীষ্ম ঝড় ভূমিকম্প এবং পীড়া উপস্থিত হইয়া থাকে । তত্রস্থ

মনুষ্যগণ অতি ক্ষীণ এবং অলসযুক্ত। কর্কট মণ্ডল হইতে উত্তর কেন্দ্রীয় মণ্ডল পর্য্যন্ত যে স্থান তাহার নাম উত্তর মাধুর্য্য কটিবন্ধ এবং মকরমণ্ডল হইতে দক্ষিণ কেন্দ্রীয় মণ্ডল পর্য্যন্ত যে স্থান তাহারনাম দক্ষিণ মাধুর্য্য কটিবন্ধ। প্রত্যেক মাধুর্য্য কটিবন্ধ প্রায় ২৪৮৫ ক্রোশ প্রস্থ। শীত গ্রীষ্মের মাধুর্য্য প্রযুক্ত ইহার নাম মাধুর্য্য কটিবন্ধ হইয়াছে। তত্রস্থ লোকেরা সর্ব্বাপেক্ষা বলবান্ ও পরিশ্রমি। উত্তরকেন্দ্রীয় মণ্ডল হইতে উত্তর কেন্দ্র পর্য্যন্ত যে স্থান তাহার নাম উত্তর শীত কটিবন্ধ এবং দক্ষিণ কেন্দ্রীয় মণ্ডল হইতে দক্ষিণকেন্দ্র পর্য্যন্ত যে স্থান তাহার নাম দক্ষিণ শীত কটিবন্ধ। অত্যন্ত শীত হেতু ইহাকে শীত কটিবন্ধ কহা যায়। তত্রস্থ লোকেরা খর্ব্বাঙ্গ ও অসভ্য।

সমুদয় পৃথিবীর বা তাহার কোন খণ্ডের চিত্র কে মাপ কহা যায়। মাপের উর্দ্ধভাগে উত্তরদিক্, অধোভাগে দক্ষিণদিক্ দক্ষিণভাগে পূর্ব্বদিক, এবং বামভাগে পশ্চিমদিক্। পূর্ব্বোক্ত মণ্ডলাদি মাপে চিত্রিত আছে।

নাবিকেরা অকুল সাগর মধ্যে কোম্পাশ নামক যন্ত্র দ্বারা দিক্ নিরূপণ করে। কোম্পাশের মধ্যে লৌহ এবং চুম্বক মণি নির্ম্মিত এমত এক শলা আছে যে সে সর্ব্বদাই উত্তর দিকে মুখ করিয়া থাকে, সুতরাং এক দিক্ নির্ণয় হইলে সহজে অন্যদিক্ নিশ্চিত হয়।

২ অধ্যায় ।

পৃথিবীতে ভূমি এবং জল আছে। ভূমি এবং জল বিভাগ করিতে হইলে দুই ভাগ জল এবং এক ভাগ ভূমি হয়।

আকৃতি বিশেষে ভূমির নানাপ্রকার নাম হয় যথা।

অতি বৃহৎ ভূমিখণ্ডকে মহাদ্বীপ কহা যায়।

চতুর্দ্দিক জলদ্বারা বেষ্টিত ক্ষুদ্র ভূমিখণ্ডকে উপদ্বীপ কহাযায়।

পরস্পর নিকট উপদ্বীপ সমূহকে বহুদ্বীপ কহাযায়

প্রায় সমুদ্রদ্বারা বেষ্টিত যে ভূমি তাহাকে প্রায়োদ্বীপ কহা যায়।

যে ভূমি সমুদ্রের অধিক দূর পর্য্যন্ত স্থাপিত আছে তাহার শেষভাগকে অন্তরীপ কহা যায়।

দুই বৃহৎ ভূমিখণ্ড সংযোগ বিশিষ্ট যে অল্প পরিসর ভূমি তাহাকে ডমরুমধ্য কহা যায়।

অতি উচ্চ প্রস্তর রচিত ভূমিকে পর্ব্বত কহা যায়।

যে পর্ব্বতে অগ্নির উৎপত্তি, তাহাকে অনলাধার পর্ব্বত কহা যায়।

মহাদ্বীপাদি হইতে বহির্গত এবং অন্তরীপের মধ্যবর্ত্তি যে ভূমিখণ্ড তাহাকে অন্তরাল কহা যায়।

যে ভূমিখণ্ডে অনেক নগর ও বিশেষ আচার ব্যবহার বিশিষ্ট জন সমূহের বসতি আছে তাহাকে দেশ কহা যায়।

এক বিশেষ রাজার অধিকৃত যে বৃহৎভূমিখণ্ড তাহার নাম রাজ্য।

রাজ্যের ভিন্ন২ অংশের নাম প্রদেশ।

যে স্থানে বহুতর স্বদেশীয় বিদেশীয় মনুষ্যদিগের বাণিজ্য ও বসতি থাকে তাহার নাম নগর।

যে নগরে ভূপতির প্রাসাদ এবং প্রধান বিচারাগার তাহার নাম রাজধানী।

আকৃতি বিশেষে জলের নানাপ্রকার নাম হয়। যথা অতি বৃহৎজল খণ্ডকে মহাসাগর কহা যায়।

মহাসাগরের অংশ অথচ মহাসাগর অপেক্ষা ক্ষুদ্র এবং ভূমির নিকটবর্ত্তি জলখণ্ডকে সাগর কহা যায়।

যে জল চতুর্দ্দিকে ভূমির দ্বারা বেষ্টিত তাহাকে হ্রদ কহা যায়।

যে মহাসাগর বা সাগরের অংশ ভূমির মধ্যে অধিক দূরে প্রবেশ করে এবং যাহার মোহানা বৃহৎ হয় তাহাকে অখাত কহা যায়।

যে মহাসাগর বা সাগরের অংশ অখাত অপেক্ষা ক্ষুদ্র তাহাকে ক্ষুদ্রাখাত কহা যায়।

দুই মহাদ্বীপের বা উপদ্বীপের মধ্য হইয়া সাগর বা মহাসাগরের সহিত যে জলের যোগ হয় তাহাকে মোহানা কহা যায়।

যে জল পর্ব্বত শৃঙ্গ বা হ্রদ হইতে স্রোদ্বারা সাগর বা মহাসাগরে নির্গত হয় তাহাকে নদী কহা যায়।

সাগরের নিকট বহুনদীর যোগ হইলে তাহাকে বহুমুখী কহা যায়।

নদী হইতে নির্গত হইয়া যে জল বেগদ্বারা গমন করে তাহাকে শাখানদী কহা যায়।

মহাসাগরের যে অংশ প্রায় ভূমিদ্বারা বেষ্টিত তাহাকে কোল কহা যায়।

সাগর বা মহাসাগরের জল যে স্থানে অত্যন্ত ঘূর্ণায়মান হয় সেই স্থানকে আবর্ত্ত কহা যায়।

স্থলের বিবরণ॥

পৃথিবীর মধ্যে দুই মহাদ্বীপ আছে যথা পুরাতন মহাদ্বীপ এবং নূতন মহাদ্বীপ উক্ত দুই মহাদ্বীপ পুরাতন এবং নূতন নামে খ্যাত হইবার কারণ এই যে পুরাতন মহাদ্বীপস্থ লোকেরা অপর মহাদ্বীপের স্থিতি বিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ ছিল, পরে ইংরাজি ১৪৯২ সালে কোলম্বস নামক নাবিক কর্তৃক আমেরিকাখণ্ড প্রকাশ হইয়া নূতন মহাদ্বীপ নামে খ্যাত হইল।

মহাদ্বীপ দ্বয় নিজ২ দ্বীপ সাগরাদির সহিত চারি খণ্ডে বিভক্ত যথা আসিয়া, ইউরোপ, আফ্রিকা এবং আমেরিকা। আসিয়া ইউরোপ এবং আফ্রিকার নাম পুরাতন মহাদ্বীপ এবং আমেরিকার নাম নূতন মহাদ্বীপ।

উক্ত চতুঃখণ্ড ব্যতীত পৃথিবীতে অপর দুই ক্ষুদ্র খণ্ড আছে যথা অষ্ট্রালিয়া এবং পলিনাশিয়া।

সর্ব্ব উপদ্বীপ অপেক্ষা বৃহৎ নব হলণ্ড উপদ্বীপ ও নব জীলণ্ড এবং অন্য কতিপয় নিকটস্থ ক্ষুদ্র উপদ্বীপ অষ্ট্রালিয়া নামে খ্যাত আছে।

পাসিফিক মহাসাগরস্থ পরস্পর নিকটস্থিত বহু সংখ্যক ক্ষুদ্র২ উপদ্বীপ পলিনাশিয়া নামে খ্যাত আছে।

পৃথিবীতে সর্ব্বসুদ্ধ প্রায় অশীতি কোটি মনুষ্যের অবস্থিতি। এবং লোকের বসতিস্থান প্রায় এক কোটি পঞ্চবিংশতি লক্ষ চতুরস্র ক্রোশ। পশ্চাৎ বিশেষরূপে তাহার সংখ্যা হইবেক।

জলের বিবরণ।

মহাসাগর পঞ্চ অংশে বিভক্ত যথা আটলাণ্টিক মহাসাগর, পাসিফিক মহাসাগর, হিন্দী মহাসাগর, এবং উত্তর মহাসাগর ও দক্ষিণ মহাসাগর।

আটলাণ্টিক মহাসাগরের পূর্ব্বসীমা ইউরোপ এবং পশ্চিম সীমা আমেরিকা। তাহার পরিমাণ প্রায় ৪২৫০ ক্রোশ দীর্ঘ এবং ১০০০ হইতে ২৫০০ ক্রোশ প্রস্থ।

পাসিফিক মহাসাগরের পশ্চিমসীমা আসিয়া এবং পূর্ব্বসীমা আমেরিকা। তাহার পরিমাণ প্রায় ৫৫০০ ক্রোশ দীর্ঘ এবং ৩৫০০ ক্রোশ প্রস্থ।

আসিয়াস্থ দেশ সকলের পরিমাণ এবং লোকসংখ্যা।

দেশ	চত্তুরস্র ক্রোশ	লোক সংখ্যা
রুষিয়া....	১৩২৫০০০	১০০০০০০০০
স্বাধীন তাতার	১৭২৫০০	৬৫০০০০০
তুর্কী	৯২৫০০	৮০০০০০০
সীরিয়া পেলেষ্টাইন	১৫০০০	২০০০০০০
আরব	২৪৭৫০০	৮০০০০০০
পারস্য	১১৭৫০০	৮০০০০০০
আফগানস্থান	৮৫০০০	৬০০০০০০
বালুচি স্থান	৫০০০০	১৫০০০০০
হিন্দুস্থান	৩০০০০০	১৪০০০০০০০
ব্রহ্মদেশ শ্যামপ্রভৃতি ..	২৩০০০০	২০০০০০০০
চীন মহারাজ্য ...... অর্থাৎ চীন এবং চীনতাতার	১৩০০০০০	২২৬০০০০০০
যাপান	৬৫০০০	১৪০০০০০০
ভারত বহুদ্বীপ	২১২৫০০	১৫৪৫০০০০
সর্ব্বসমষ্ট	৪২১২৫০০	৪৬৫৪৫০০০০

হিন্দী মহাসাগরের পশ্চিম সীমা আফ্রিকা, পূর্ব্ব-সীমা নব হলণ্ড, উত্তর সীমা ভারতবর্ষ, দক্ষিণ সীমা দক্ষিণ মহাসাগর। তাহার পরিমাণ ২৫০০ ক্রোশ দীর্ঘ এবং ২০০০ ক্রোশ প্রস্থ।

উত্তর মহাসাগরের উত্তর সীমা উত্তর কেন্দ্র দক্ষিণ সীমা উত্তর কেন্দ্রীয় মণ্ডল।

দক্ষিণ মহাসাগরের দক্ষিণ সীমা দক্ষিণ কেন্দ্র উত্তর সীমা উত্তমাশা অন্তরীপ, হর্ণ অন্তরীপ এবং নব জীলণ্ডের উত্তর অংশ।

৪ অধ্যায়।

আসিয়ার উত্তর সীমা উত্তর মহাসাগর, দক্ষিণ সীমা হিন্দী মহাসাগর, পূর্ব্বসীমা পাসিফিক মহা-সাগর, পশ্চিম সীমা ইউরাল পর্ব্বত, বলগা নদী, ডন নদী, আজব সাগর, কৃষ্ণ সাগর, মার্ম্মোরা সাগর, ভূমধ্যস্থ সাগর, সুযেজ ডমরুমধ্য এবং লোহিত সাগর।

আসিয়ারমধ্যে এই কতিপয়দেশ আছে যথা উত্তর ভাগে রুষিয়া বা রুষদেশ, পশ্চিম ভাগে তুর্কী এবং আরব দেশ, পূর্ব্ব ভাগে চীনতাতার ও চীন, মধ্য ভাগে তিব্বত, স্বাধীন তাতার, পারস্য ও কাবুল, দক্ষিণ ভাগে ভারতবর্ষ, শ্যাম, ব্রহ্মরাজ্য এবং বালুচিস্থান। আসিয়ার পূর্ব্বদিকে যাপান ও অন্যং ক্ষুদ্র উপদ্বীপ যাপান রাজ্য নামে খ্যাত আছে।

রাজধানী এবং প্রধান নগর।

রুষ্‌দেশের রাজধানী এস্তরখান, বল্‌গানদীর তীরে। তাহার প্রধান নগর অর্কতস্ক, ইনিষী নদীর তীরে, এবং তোবালস্ক, ওবী নদীরতীরে।

তুর্কীর রাজধানী আলেপো অর্থাৎ হলব্‌। তাহার প্রধান নগর বসরা, ইউফ্রেটিস্‌ নদীর তীরে, বোগ্‌দাদ এবং হিলা নগর, টাইগ্রীস্‌ নদীর তীরে, তদ্ব্যতীত দমস্ক, মোসল এবং জেরুজালেম্‌ নগর আছে। জেরুজালেম্‌, য়িহুদি লোকের রাজধানী।

আরবের প্রধান নগর মক্কা এবং মদিনা, উভয় আরবের পশ্চিম ভাগে আছে। মক্কাতে মহম্মদের জন্ম হয় এবং মদিনাতে তাহার মৃত্যু হয়।

ব্রহ্ম রাজ্যের রাজধানী অমরপুর, ঐরাবতী নদীর নিকটস্থ। তাহার প্রধান নগর আবা আবা, নদীর তীরে।

শ্যামের প্রধান নগর বেঙ্কাক, মিনাম নদীর তীরে। ভারতবর্ষের রাজধানী কলিকাতা, ভাগীরথীর তীরে, বোম্বাই, বোম্বাই উপদ্বীপে, এবং মান্দ্রাজ, ভারতবর্ষের দক্ষিণ পূর্ব্বভাগে স্থাপিত আছে। ইহার অপর বিষয় ভারতবর্ষের বিবরণে দেখ।

তিব্বতের রাজধানী লাসা। পারস্যের রাজধানী তিহরান্‌, পূর্ব্বে ইস্পাহান পারস্যের রাজধানী ছিল। তাহার প্রধান নগর সিরাজ, ইহাতে উত্তম মদ্য জন্মে।

কাবুলের রাজধানী পেশোয়ার। তাহার প্রধান নগর কাবুল ও কান্দাহার।

স্বাধীন তাতারের রাজধানী সুমর খন্দ। তাহার প্রধান নগর বোখারা, আমুর নদীর তীরে, এবং বাক নগর।

চীন তাতারের রাজধানী চিনীয়ং, রাজ্যের পূর্ব্ব দক্ষিণভাগে আছে। চীনের রাজধানী পিকিন। তাহার প্রধান নগর নাঙ্কিন এবং কেণ্টন। পৃথিবীস্থ সকল নগরের অপেক্ষা পিকিনে অধিক লোকের অবস্থিতি।

চীনের উত্তরাংশে এক অত্যাশ্চর্য্য প্রাচীর আছে, সেই প্রাচীর চীন তাতার হইতে চীনকে পৃথক করে। ইহার দীর্ঘতা ৭৫০ ক্রোশ, এই প্রাচীর পৃথিবীর এক পরমাশ্চর্য্য কীর্ত্তি।

হিন্দুস্থানের পশ্চিমস্থ বালুচি স্থানের রাজধানী খিলাত।

যাপন রাজ্যের রাজধানী জেডো, নিফান উপদ্বীপে আছে।

পর্ব্বত।

হিমালয় পর্ব্বত শ্রেণী ভারতবর্ষের উত্তরে প্রায় চতুঃসহস্র ক্রোশ পর্য্যন্ত ব্যাপ্ত আছে। তাহার উচ্চতম শৃঙ্গ প্রায় ১৮০০০ হস্ত ঊর্দ্ধ।

আলতেন্ পর্ব্বত শ্রেণী কামেস্কাট্‌কা হইতে রুষি-

য়ার দক্ষিণাংশ দিয়া ওবীনদী পর্য্যন্ত স্থাপিত আছে। তাহার উচ্চতা প্রায় ৭১০০ হস্ত।

কাকেশশ পর্ব্বত কৃষ্ণসাগর এবং কাস্পিয়ান সাগরের মধ্যবর্ত্তী। তাহার উচ্চতা ১২০০০ হস্ত।

তারস পর্ব্বত মার্মোরা সাগর এবং পারস্যের মধ্যবর্ত্তী। তাহার উচ্চতা ৬০০০ হস্ত।

ভারতবর্ষের পূর্ব্ব এবং পশ্চিম তীরে পূর্ব্ব এবং পশ্চিম ঘাট নামক পর্ব্বত আছে। তাহারদিগের উচ্চতা প্রায় ২০০০ হস্ত। তিব্বতের উত্তরে কৈলাস পর্ব্বত।

ইহা ব্যতীত অন্য২ পর্ব্বত আছে যথা হিমালয়ের উচ্চতম শৃঙ্গ ধবলগিরি, পৃথিবীর সকল পর্ব্বত অপেক্ষা উচ্চ এবং ন্যূনাধিক ১৮০০০ হস্ত উর্দ্ধ। আর্মাণি দেশের মধ্যে আরারাট পর্ব্বত প্রায় ৬৩০০ হস্ত উচ্চ। তর্কীর মধ্যে আইডা পর্ব্বত প্রায় ৩৮৫০ হস্ত উচ্চ। সিনা পর্ব্বত লোহিত সাগরের উত্তর তীরে স্থাপিত আছে।

প্রায়োদ্বীপ।

হিন্দুস্থান প্রায়োদ্বীপ। শ্যাম মালাকা এবং ব্রহ্ম দেশ পূর্ব্ব প্রায়োদ্বীপ নামে খ্যাত আছে। মলায়া প্রায়োদ্বীপ শ্যামের দক্ষিণে। আরব প্রায়োদ্বীপ রক্ত সাগরের পূর্ব্বে। কোরিয়া প্রায়োদ্বীপ চীনের অধীন।

তুর্কীর যে অংশ কৃষ্ণসাগর এবং ভূমধ্যস্থ সাগরের মধ্যবর্ত্তী তাহার নাম আসিয়া-মাইনর বা আনেটো-লিয়া প্রায়োদ্বীপ। কামেস্কাট্কা প্রায়োদ্বীপ রুষিয়ার পূর্ব্বান্ত ভাগে।

ডমরুমধ্য।

সুয়েজ ডমরুমধ্য দ্বারা আফ্রিকার সহিত আসি-য়ার সংযোগ হয়। ক্রা ডমরুমধ্য দ্বারা মলায়ার সহিত শ্যামের যোগ আছে।

অন্তরীপ।

আসিয়ার পূর্ব্বভাগে পূর্ব্ব অন্তরীপ। কামস্কাট্কার দক্ষিণে লোপাট্কা অন্তরীপ। চীনের পূর্ব্বে নিম্পো অন্তরীপ। লুজন উপদ্বীপের উত্তরে বাজাদার অন্ত-রীপ। মলায়ার দক্ষিণে রমণীয় অন্তরীপ। হিন্দু-স্থানের দক্ষিণে কুমারিকা অন্তরীপ। আরবের পূর্ব্বে রসল্হদ অন্তরীপ।

উপদ্বীপ।

উত্তর মহাসাগরে নবজিম্লা উপদ্বীপ। ভূমধ্যস্থ সাগরে সাইপ্রস ও রোড উপদ্বীপ। হিন্দী মহাসাগরে সিলন্ অর্থাৎ লঙ্কা, মালদ্বীপ, লক্ষদ্বীপ, আন্দামান দ্বীপসমূহ, নিকোবর দ্বীপ সমূহ, সিংহপুর, এবং পিনাং উপদ্বীপ। হিন্দী এবং পাসিফিক মহাসাগরের মধ্যস্থলে ভারত বহুদ্বীপ নামে কতিপয় উপদ্বীপ আছে

তন্মধ্যে বোর্ণীয় উপদ্বীপ হলণ্ড ব্যতীত সকল উপদ্বীপ অপেক্ষা বৃহৎ, এবং ওলোন্দাজের অধীন যব উপদ্বীপ, স্পেইনের অধীন ফ্লিপিন্ উপদ্বীপ সমূহ, এবং সুমাত্রা, ও স্পাইস্ উপদ্বীপ সমূহ প্রধানরূপে গণিত আছে। চীন দেশের দক্ষিণে মেকেয়ো ও হেনন্ উপদ্বীপ। চীনের পূর্ব্ব দিকে ফার্মোসা এবং লিয়োকিয়ো উপদ্বীপ সমূহ। লিয়োকিয়ো উপদ্বীপ এবং কামস্কাট্কার মধ্যবর্ত্তী নিফান, জেশো, কিংসু এবং অন্য২ কতিপয় ক্ষুদ্র উপদ্বীপ যাপানরাজ্য নামে খ্যাত আছে। চীনতাতারের অধীনে শেগালীয়ন্ উপদ্বীপ। কামস্কাট্কার এবং আমেরিকাস্থ আলস্কা প্রায়োদ্বীপের মধ্যে ফাক্স উপদ্বীপ সমূহ।

সাগর।

পাসিফিক মহাসাগর আক্রান্ত কামস্কাট্কা এবং চীন তাতারের মধ্যবর্ত্তী ওকাটস্ক সাগর। যাপান এবং চীন তাতারের মধ্যে যাপান সাগর। কোরিয়া এবং চীনের মধ্যে হরিৎসাগর। চীন এবং লিয়োকিয়ো উপদ্বীপের মধ্যে পূর্ব্ব সাগর। ফার্মোসা, ফ্লিপিন বোর্ণীয় এবং চীনের মধ্যে চীন সাগর। আরব এবং হিন্দুস্থানের মধ্যে আরব সাগর। আরব এবং আফ্রিকার মধ্যে লোহিত সাগর। ভূমধ্যস্থ সাগরের যে অংশ সাইপ্রস্ এবং শীরিয়ার মধ্যে তাহার নাম লিবাণ্ট।

আখাত এবং ক্ষুদ্রা খাত।

হিন্দী মহাসাগরে, হিন্দুস্থান এবং ব্রহ্ম দেশের মধ্যে বঙ্গীয় অখাত। লঙ্কা এবং হিন্দুস্থানের মধ্যে মানার ক্ষুদ্রাখাত। হিন্দুস্থানের পশ্চিম ধারে কাম্বে এবং কচ ক্ষুদ্রাখাত। আরব এবং পারস্যের মধ্যে পারস্য ক্ষুদ্রাখাত। উত্তর মহাসাগরে ওবী ক্ষুদ্রাখাত। পাসিফিক মহা সাগরে শ্যামের দক্ষিণে শ্যাম ক্ষুদ্রা খাত। তঙ্কিনের পূর্ব্বে তঙ্কিন ক্ষুদ্রাখাত। অনাদর ক্ষুদ্রাখাত।

মোহানা।

আসিয়া এবং আমেরিকার মধ্যে যে মোহানা তাহা বেরিং সাহেব কর্তৃক প্রাকাশিত হওয়াতে বেরিং মোহানা নামে খ্যাত আছে। নবজিম্লা এবং রুষিয়ার মধ্যে ওয়েগেট মোহানা। শিগালীয়ন এবং তাতারের মধ্যে তাতার মোহানা। কোরিয়া এবং যাপানের মধ্যে কোরিয়া মোহানা। বোর্ণীয় এবং সিলিবিস উপদ্বীপের মধ্যে মাকাসার মোহানা। সুমাত্রা এবং যব উপদ্বীপের মধ্যে যণ্ডা মোহানা। সুমাত্রা এবং মালাকার মধ্যে মালাকা মোহানা। লঙ্কা এবং হিন্দুস্থানের মধ্যে মানার মোহানা। বাবেলমান্দেল মোহানাদ্বারা রক্ত সাগরের সহিত হিন্দী মহা সাগরের সংযোগ আছে। আর্মস মোহানাদ্বারা

পারস্ব ক্ষুদ্রাখাতের সহিত আরব সাগরের সংযোগ আছে।

নদী।

ইনিসী নদী প্রায় ১৭৯০ ক্রোশ দীর্ঘ, ওবীনদী প্রায় ১৪৪৫ ক্রোশ দীর্ঘ, এবং লীনা নদী প্রায় ১৩০০ ক্রোশ, ইহারা আলতেন পর্ব্বতে উৎপন্না হইয়া শিবীর দেশ দিয়া উত্তর মুখে উত্তর মহা সাগরে নির্গতা হয়।

অমর নদী প্রায় ১১০০ ক্রোশ দীর্ঘ; এই নদী আল্‌তেনপর্ব্বতে উৎপন্না হইয়া পূর্ব্বমুখে চীন তাতার দিয়া ওকাট্ সাগরে নির্গতা হয়।

হোয়ংহো নদী প্রায় ১৫২০ ক্রোশ দীর্ঘ, ইয়াং সকিয়াং প্রায় ১৬৪৫ ক্রোশ, উভয়ে তিব্বতের পর্ব্বতে উৎপন্না হইয়া চীনদেশ দিয়া পূর্ব্ব সাগরে নির্গতা হয়।

ব্রহ্মপুত্র প্রায় ১১০০ ক্রোশ, এই নদ তিব্বতের পর্ব্বতে উৎপন্না হইয়া বঙ্গীয় অখাতে নির্গতা হয়।

সিন্ধুনদী প্রায় ৮৫৪ ক্রোশ, এই নদী তিব্বতের পর্ব্বতে উৎপন্না হইয়া আরব সাগরে নির্গতা হয়।

ঐরাবতী প্রায় ৮৫০ ক্রোশ, এই নদী দীর্ঘ এই নদী তিব্বতের পর্ব্বতে উৎপন্না হইয়া ব্রহ্মরাজ্য দিয়া হিন্দী মহাসাগরে নির্গতা হয়।

গঙ্গানদী প্রায় ৯২৫ ক্রোশ, হিমালয়ে উৎপন্না হইয়া দক্ষিণ পূর্ব্ব মুখে গমন করত যমুনা ঘর্ঘরা,

শোণ, কুশী প্রভৃতি শাখা নদীর সহিত মিলিতা হইয়া এবং পদ্মা দ্বারা ব্রহ্মপুত্রের সহিত মিলিয়া বঙ্গীয় অখাতে নির্গতা হয়।

টাইগ্রীশ প্রায় ৫২৫ ক্রোশ এবং ইউফ্রেটিস ৯২০ ক্রোশ দীর্ঘ, উভয়ে তারিখ পর্ব্বতে উৎপন্না হয় এবং কাল্‌ডিয়া দেশ দিয়া গমন করত বসোরা নগরের প্রায় ২০ ক্রোশ উত্তরে একত্র হইয়া পারস্য ক্ষুদ্রা খাতে নির্গতা হয়।

হ্রদ।

পারস্যের উত্তর ভাগে কাস্পিয়ান হ্রদ বা সাগর। স্বাধীন তাতারে আরাল হ্রদ। শিবীর দেশে বৈকাল হ্রদ। তুর্কীতে বাণ হ্রদ। তিব্বতে মানসরোবর, রাবণ এবং পাল্টি হ্রদ। জুডিয়া দেশে মৃত্যু সাগর তাহাতে মৎস্য বাঁচেনা ও তাহার তীরে কোন বৃক্ষাদি উৎপন্ন হয় না, এই জন্য তাহার নাম মৃত্যু সাগর হইয়াছে।

বাণিজ্যোপযোগি দ্রব্য।

চীনদেশে কর্পূর, কাগচ, চীনের বাসন, চা, রেসম, মিছরি, মখমল, চিনি, ফলের মোরব্বা, গজদন্ত, নানাবিধ খেলনা, চর্ম্ম, পাদুকা, ভূত, কিনখাপ, সাটিন, গাজ, কার্পাস বস্ত্র, দুলিচা, কৃত্রিম পুষ্প, ইত্যাদি প্রস্তুত হয়। এইস্থলে অনেক স্বর্ণ ও রজতের খনি আছে। এবং তাম্র লৌহ, শিশা, পারা, এবং নানা-প্রস্তর পাওয়া যায়।

আরব দেশ হইতে উত্তম অশ্ব, খর্জ্জুর, নীল, মুক্তা এবং কাওয়া পাওয়া যায়।

পারশ্যদেশে আতর, গালিচা, মদিরা, রেসম প্রভৃতি হয়।

ব্রহ্মদেশ, আসাম, এবং নয়পাল হইতে বাহাদুরী কাষ্ঠ বিশেষতঃ সেগুন কাষ্ঠ প্রাপ্ত হওয়া যায়।

হিন্দুস্থানের বিষয় হিন্দুস্থানের বিবরণে দেখ।

মলায়া এবং ব্যাঙ্কাক হইতে টীন আইসে।

তির্ব্বত দেশে বিস্তর ছাগ লোম পাওয়া যায় তাহাতে শাল বস্ত্র হয়।

মালাকা,বাইস্পাইস উপদ্বীপে বহুবিধ মসলা, এমবয়না দেশে উত্তম জায়ফল, এবং বান্দাদেশে লবঙ্গ উৎপন্ন হয়।

তুর্কী হইতে কিসমিস, ঘোটক, ডুম্বর এবং চর্ম্ম আইসে।

লঙ্কায় দারুচিনি, মুক্তা, আবলুস্ কাষ্ঠ,নারিকেল, তৈল, গজদন্ত প্রভৃতি পাওয়া যায়।

জাতিবিশেষের স্বভাব।

রুষ্ জাতির অধিকাংশ ব্যক্তি অসভ্য। আরবেরা সাহসী, আতিথেয় কিন্তু অপহারক। চীনেরা পরিশ্রমি, শিল্পজ্ঞ, কিন্তু অহঙ্কারি, চতুর এবং ভীত। তাতারেরা ভ্রমণশীল অসভ্য লোক। পার্সীরা সুখ

ভোগি, নম্র কিন্তু ক্রূর এবং লোভি। বাঙ্গালিরা শিষ্ট, বুদ্ধিমান, অধীনতা বুদ্ধিবিশিষ্ট, অলস, ভীত, ঐক্য-হীন,। ব্রহ্মদেশীয়েরা এবং শ্যাম দেশীয়েরা অসৎ, আশুক্রোধি, এবং সতর্ক। যাপান দেশীয়েরা চীনের দিগের ন্যায় অর্দ্ধ সভ্য। য়িহুদীরা লোভি এবং আত্ম শ্লাঘি। আর্মানিরা অতি সুন্দর। কাশ্মীর দেশীয়েরা এবং নয়পালী লোক সাহসী এবং অতি সুন্দর। সিকেরা সাহসী এবং দর্পকারী। মলায় জাতি নিষ্ঠুর এবং বোম্বেটিয়া। আফগানস্থানিরা যোদ্ধা কিন্তু শ্রম বিমুখ।

জাতি বিশেষের ধর্ম্ম এবং শাষন।

আর্মানিরা খ্রীষ্ট ধর্ম্মাবলম্বি। য়িহুদীরা মুসা মত-গ্রাহি। হিন্দুরা প্রায় পৌত্তুলিক। শিবির দেশী লোকের অধিকাংশ পৌত্তুলিক। পারস্য তুর্কী আরব আফগান তাতার এবং মলায়া দেশীয় লোক প্রায় মোহম্মদ্মান। ব্রহ্ম এবং শ্যাম দেশীয়েরা বৌদ্ধ ধর্ম্মা-বলম্বি। চীনের অধিকাংশ মনুষ্য বৌদ্ধ অথচ কন্‌মুনির মতাবলম্বি। তির্ব্বতের লোকেরা মহালামা নামক বুদ্ধ অবতারকে পূজা করে।

আসিয়াস্থ রাজ্য সমুদয় একাধিপতি ভূপতি কর্তৃক শাসিত হয়; তাহারা নিয়ম সত্ত্বেও স্বেচ্ছানু-সারে রাজত্ব করে।

ভারতবর্ষ অর্থাৎ

হিন্দুস্থানের বিবরণ।

হিন্দুস্থানের উত্তর সীমা হিমালয় পর্ব্বত শ্রেণী, দক্ষিণ সীমা হিন্দী মহা সাগর, পূর্ব্ব সীমা ব্রহ্ম রাজ্য এবং বঙ্গীয় অখাত, পশ্চিম সীমা সিন্ধু নদী, এইরূপ চতুঃসীমা বদ্ধ হিন্দুস্থান উত্তর অক্ষাংশের ৮ এবং ৩৫ অংশ এবং পূর্ব্ব দ্রাঘিমার ৭২ এবং ৯২ অংশের মধ্যে স্থাপিত আছে।

হিন্দুস্থান তিন বৃহদংশে বিভক্ত। যথা উত্তর হিন্দুস্থান। প্রকৃত হিন্দুস্থান এবং দক্ষিণ হিন্দুস্থান।

হিমালয় পর্ব্বত এবং কেমেউন্ বা শিবালি পর্ব্বতের মধ্যবর্ত্তি প্রসস্থ ভূমি উত্তর হিন্দুস্থান নামে খ্যাত আছে। কেমেউন্ পর্ব্বত এবং নর্ম্মদা নদীর মধ্যবর্ত্তি দেশ প্রকৃত হিন্দুস্থান নামে খ্যাত আছে। নর্ম্মদা নদী অবধি কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত ভূমিখণ্ড দক্ষিণ হিন্দুস্থান নামে খ্যাত আছে।

কেবল কেমেউন্ পর্ব্বত এবং নর্ম্মদা নদীর মধ্যবর্ত্তি স্থানকে অনেকে হিন্দুস্থান কহিয়া থাকেন এই নিমিত্তে ইহার নাম প্রকৃত হিন্দুস্থান দেওয়া গেল।

উত্তর হিন্দুস্থান পশ্চাল্লিখিত কতিপয় রাজ্যে বিভক্ত আছে।

রাজ্য	রাজধানী
আসাম	রঙ্গপুর।
ভোট	তাসুদান।
নয়পাল	কাষ্টমণ্ডুর
সুক্কিম	সুক্কিম
কেমেয়ুন	আলমোরা।
কাশ্মীর	কাশ্মীর বা শ্রীনগর

আকবর নামক প্রসিদ্ধ বাদসাহ প্রকৃত হিন্দুস্থানকে একাদশ খণ্ডে বিভক্ত করেন তাহারদিগের নাম যথা পশ্চিমে, প্রথম খণ্ড লাহুর, রাবি নদীর তীরস্থ লাহুর তাহার আধুনিক রাজধানী এবং অমৃত শহর তাহার প্রধান নগর (সিকজাতিদিগের তীর্থ স্থান)। দ্বিতীয় খণ্ড সিন্ধু প্রদেশ এবং মুলতান প্রদেশ—তাহার প্রধান নগর মুলতান। তৃতীয় খণ্ড আজমীর বা রাজপুতানা—তাহার প্রধান নগর আজমীর এবং জয়পুর। চতুর্থ খণ্ড গুর্জরাষ্ট্র এবং কচ—তাহার প্রধান নগর কাম্বে, বরোচে এবং আহমেদাবাদ। মধ্যস্থলে, পঞ্চমখণ্ড দিল্লী রাজ্য—তাহার আধুনিক প্রধান নগর দিল্লী, মিরাট, এবং শহরহিন্দ। ষষ্টখণ্ড আগরারাজ্য—তাহার প্রধান নগর আগরা, কান্যকুব্জ বা কালোজ এবং গো-

য়ালীয়র—আগরা নগরে আকবর বাদশাহের গোর স্থান এবং প্রসিদ্ধ তাজমহল স্থাপিত আছে। সপ্তম খণ্ড আলাহাবাদ রাজ্য—তাহার প্রধান নগর আলাহাবাদ বা প্রয়াগ। এবং বারানসী—এই বারানসীতে বহুকালাবধি সংস্কৃত বিদ্যালয় আছে। অষ্টম খণ্ড মালোয়া—তাহার প্রধান নগর উজ্জৈন এবং হিণ্ডোর। নবম খণ্ড, অযোধ্যা—তাহার আধুনিক রাজধানী গোমতী নদী তীরস্থ লক্‌নউ—এবং প্রধান নগর ফিজাবাদ এবং অযোধ্যা। পুর্ব্বদিগে দশম খণ্ড বেহার বা মগধ —তাহার প্রধান নগর পাটনা এবং মুঙ্গের—এই উভয় নগরই গঙ্গার ধারে স্থাপিত আছে। একাদশ খণ্ড, বঙ্গ তাহার বিবরণ ইংলণ্ডীয়ধিকৃত রাজ্যের বিবরণ মধ্যে লিখিত হইবে।

দক্ষিণ হিন্দুস্থান এই কতিপয়
অংশে বিভক্ত আছে ।

রাজ্য	প্রধান নগর ।
খান দেশ	বুরহান পুর
অরঙ্গাবাদ বা দৌলতাবাদ	অরঙ্গাবাদ, দৌলতাবাদ, আহামদ নগর
বিদার	বিদার
বিরার	ইলিচপুর
বিজয়পুর	বিজয়পুর, সাতারা,
হয়দরাবাদ	হয়দরাবাদ
উত্তর সরকার	গাঞ্জাম
গন্দোয়ানা	নাগপুর, গররা সম্বলপুর
বালাঘাট	বিজয় নগর, বলিহরি,
কর্ণাট	মান্দ্রাজ, তাঞ্জোর, তিনাবলী
মহীশূর	শ্রীরঙ্গপট্টন
মলন্দবর	
কঞমবটুর	কঞমবটুর
কোচিন	কোচিন
কানাড়া ....:	মাঙ্গালোর
ত্রাবঙ্কুর	ত্রিবন্দ পট্টন

পৰ্ব্বত।

হিন্দুস্থানের উত্তরে হিমালয় পর্ব্বত এবং শিবালিক বা কামাউন্ পর্ব্বত। মধ্য ভাগে বিন্ধ্যশ্রেণী নর্ম্মদা নদীর উত্তর দিয়া বেহার বারানশী আলাহাবাদ এবং মালোয়ার মধ্যে ব্যাপ্ত আছে।

পূর্ব্ব এবং পশ্চিম দিগে পূর্ব্ব এবং পশ্চিম ঘাট নামক পর্ব্বত শ্রেণী আছে।

নদী।

পূর্ব্বোক্ত নদী ভিন্ন হিন্দুস্থানে আরো কতিপয় নদী আছে।

ব্রহ্ম পুত্রের শাখা মেঘনা এবং গঙ্গার শাখা ভাগীরথী এই উভয় নদী বঙ্গদেশ ব্যাপিকা। গণ্ডকী, রেবতী, শরযু, গোমতী, কংকী, অত্রী, কৌশিকী, তিষ্টা বা ত্রিস্রোতা প্রভৃতি নদী গঙ্গার শাখা।

চাম্বুল বা চর্ম্মাবতী নদী যমুনার শাখা।

সিন্ধু নদীর পাঁচ শাখা ঝিলম, রাবি, চূনাব, বেয়া, সত্লেজ বা সত্যলক্ষ্মীনদী পঞ্জাব দেশ ব্যাপিকা। নর্ম্মদা, তপ্তী, মহানদী, গোদাবরী, কৃষ্ণা, কাবেরী প্রভৃতি নদী দক্ষিণ দেশ ব্যাপিকা।

হ্রদ।

গাঞ্জামের উত্তরে চিল্‌ক্ হ্রদ, উত্তর সরকারে কলোর হ্রদ, কর্ণাটে পুলিকট্ হ্রদ, কচ্প্রদেশের উত্তরে রুণ্হ্রদ, রাজপুতনার মধ্যে সম্বর হ্রদ।

অন্তরীপ।

সিন্ধু দেশের পশ্চিম শেষাংশে মঞ্জ অন্তরীপ। গুজ্জর্রাষ্ট্রের দক্ষিণ শেষাংশে দিউ অন্তরীপ। থান দেশের পশ্চিম শেষাংশে সেণ্টজন অন্তরীপ। হিন্দুস্থানের দক্ষিণ শেষাংশে কুমারিকা অন্তরীপ। উৎকলের পূর্ব্ব শেষাংশে পালমযরস্ অন্তরীপ।

উপদ্বীপ।

লঙ্কা উপদ্বীপ। হিন্দুস্থান এবং লঙ্কার মধ্যে রামেশ্বরম্ উপদ্বীপ। পশ্চিমে বোম্বাই উপদ্বীপ। বোম্বাইয়ের উত্তরপশ্চিমে শালসেট উপদ্বীপ।

অখাত।

বঙ্গীয় অখাত।

ক্ষুদ্রাখাত।

কাম্বে ক্ষুদ্রাখাত এবং কচ্ ক্ষুদ্রাখাত।

ইংলণ্ডাধিকৃত ভারতবর্ষীয় রাজ্যের বিবরণ।

হিন্দুস্থানের মধ্যে স্বাধিকৃত দেশকে চারি মহা খণ্ডে বিভাগ করিয়া ইংলণ্ডাধিপ রাজকর্ম্ম নিষ্পন্ন করেন, যথা বাঙ্গালা বা ফোর্ট উলিএম খণ্ড। মান্দ্রাজ বা ফোর্ট সেণ্টজর্জ-খণ্ড। বোম্বাই খণ্ড এবং আগরা খণ্ড।

বাঙ্গালা, বেহার, উৎকলের কতিপয় অংশ,

আসাম, আরাকান, মার্টাবান্, পুলি পোলাও উপদ্বীপ এবং সিংহপুর উপদ্বীপ, বাঙ্গালা খণ্ডের মধ্যে গণিত হয়।

পূর্ব্ব কালে বঙ্গ রাজ্যের রাজধানী গৌড় ছিল; পরে রাজমহল তৎপরে ঢাকা তদনন্তর মুর্শিদাবাদ রাজধানী হয়, মুর্শিদাবাদ হইতে কলিকাতা রাজধানী হয়। কৃষ্ণানদীর দক্ষিণে সমুদয় ভূমি এবং উত্তর সরকার এতদ্ভিন্ন দক্ষিণ হিন্দুস্থানের কিয়দংশ মান্দ্রাজ খণ্ডে গণিত হয়।

সুরাট প্রদেশ, বরোচ প্রদেশ, পুনাপ্রদেশ, বোম্বাই উপদ্বীপ, এবং শাল সেট উপদ্বীপ বোম্বাই খণ্ডের মধ্যে প্রধানরূপে গণিত হয়, এতদ্ভিন্ন এই খণ্ডের অধীনে যে সকল ক্ষুদ্র প্রদেশ আছে সেই সকলের অত্যন্ত গোলোযোগ প্রযুক্ত এই সংক্ষেপ পুস্তকে লিখিত হইল না।

দিল্লী প্রদেশ, আগরা প্রদেশ, দোয়াব প্রদেশ, আলাহাবাদ প্রদেশ, বন্দেলখণ্ড, কাশী প্রদেশ, রোহিল খণ্ড, গোরকপুর প্রভৃতি স্থান আগরা খণ্ডের মধ্যে গণিত হয়।

হিন্দুস্থানে পোর্ত্তুগিস অধিকৃত রাজ্যের গোয়া রাজধানী, হিন্দুস্থানে ফরাসীশ অধিকৃত রাজ্যের পোন্দিশরী রাজধানী।

ভাষা ।

পূর্ব্বকালে ভারতবর্ষে আদিভাষা সংস্কৃত ব্যবহার ছিল । মধ্যে সংস্কৃতানুযায়ি প্রাকৃতভাষা মগধ দেশাদিতে প্রচলিত হয় । পরে সংস্কৃতের পরিবর্ত্তে এবং তদনুসারে হিন্দুস্থানের স্থানে২ নানা ভাষার সংস্থান হয় । লঙ্কায় অদ্যাপি প্রায় সংস্কৃত চলিত আছে । দক্ষিণে মথুরা, মহীশূর, এবং মলয়বর প্রদেশের কিয়দংশে তামূল ভাষা প্রবলা । কানাড়ার দক্ষিণস্থ ইলী পর্ব্বত অবধি মলয়বর ত্রাবঙ্কুর প্রভৃতি স্থানে মলয়বর ভাষা প্রচলিতা আছে । কানাড়াদেশে কানাড়া ভাষা, মহারাষ্ট্রদেশে মহারাষ্ট্র ভাষা চলিতা । উৎকলের কতিপয় স্থান এবং কৃষ্ণানদীর তীরস্থ গোলকণ্ডা দেশ অবধি বলঙঘাট পর্ব্বতের সমীপস্থ ভূমি পর্য্যন্ত তৈলঙ্গ ভাষা প্রচলিতা, এই ভাষায় দেবনাগরের ন্যায় পঞ্চাশত্ বর্ণ থাকাতে সংস্কৃতের তাবৎ কথা লেখা যায় । সংস্কৃত মূলক শব্দ এ ভাষায় অতি অল্প, তথাপি ইহাতে অতি উত্তম রূপে সকল অভিপ্রায় ব্যক্ত করা যায় । ইহার কবিতা অত্যুত্তমা এবং এই ভাষায় ব্যাকরণ প্রভৃতি প্রচুর গ্রন্থ আছে । বঙ্গদেশে বঙ্গভাষা প্রবলা, ইহাতে সংস্কৃত মূলক অনেক শব্দ আছে । হিন্দুস্থানি ভাষা আগরা আলাহাবাদ বারানশী প্রভৃতি স্থানে প্রচলিতা, ইহার চলিত অক্ষর

দেবনাগর এবং নাগর, ইহাতে অভিপ্রায় সুন্দররূপে ব্যক্ত করাযায়। গুজরাটি ভাষা গুর্জ্জররাষ্ট্র, সুরাষ্ট্র, টাটা, এবং বলঙ্গাট পর্ব্বতের সীমা পর্য্যন্ত চলিতা আছে। ইহার অক্ষর দেবনাগর হইতে কিঞ্চিৎ ভিন্ন। নয়পালী ভাষা নয়পালে প্রচলিতা, তাহার অক্ষর দেবনাগর অক্ষরের সহিত প্রায় সমান।

গ্রন্থ।

ভারতবর্ষের আদি শাস্ত্র বেদ, এই বেদ চারিপ্রকার, সাম, যজুঃ ঋক্, অথর্ব্ব, এবং বেদ ভাষ্য।

মন্বাদি স্মৃতি ঊনবিংশতি এবং বহুবিধ সংগ্রহ গ্রন্থ। বাল্মীকি রামায়ণ এবং বেদব্যাস কৃত মহাভারতাদি অষ্টাদশ পুরাণ। ষড়্‌দর্শন, যথা বেদান্ত, ন্যায়, সাংখ্য, পাতঞ্জল, মীমাংসা, বৈশেষিক। নানাবিধ তন্ত্র, তন্মধ্যে তত্ত্বপক্ষে মহা নির্ব্বাণ তন্ত্র। পঞ্চতন্ত্রাদি হিতোপদেশ। মাহেশ্বর, পাণিনি, কলাপ, মুগ্ধবোধাদি ব্যাকরণ। অমর, মেদিনী, হেমচন্দ্র, বিশ্ব প্রভৃতি অভিধান। সূর্য্যসিদ্ধান্তাদি অষ্টাদশ সিদ্ধান্ত। লীলাবতী প্রভৃতি গণিত শাস্ত্র। মাঘ, রঘু, কুমার সম্ভব, মেঘদূত প্রভৃতি কাব্য শাস্ত্র। শকুন্তলাদি নাটক। অষ্টাবক্র সংহিতাদি অষ্টাদশ সংহিতা। চরক বাহ্বট সুশ্রুত প্রভৃতি চিকিৎসা শাস্ত্র। কাব্যপ্রকাশ, অলঙ্কারসর্ব্বস্ব প্রভৃতি অলঙ্কার শাস্ত্র। সঙ্গীত রত্নাকর প্রভৃতি সঙ্গীত শাস্ত্র। এবং ভরত শাস্ত্র।

বৃক্ষাদির বিবরণ।

হিন্দুস্থানের বৃক্ষের মধ্যে প্রধান শেগুণ বৃক্ষ। দক্ষিণে শাল, শিশু, টুন কাষ্ঠ বিস্তর প্রাপ্ত হওয়া যায়। আবলুস, জারুল, সুন্দরি, পশরি, কৃপা কণ্টকি প্রভৃতি কাষ্ঠ নানাকর্ম্মোপযোগ হয়। রক্ত এবং শ্বেত চন্দন গন্ধ কাষ্ঠের মধ্যে প্রধান। বটের ন্যায় সুন্দর এবং বৃহৎবৃক্ষ আর কোন স্থানে প্রাপ্ত হওয়া যায় না।

পশুর বিবরণ।

হিন্দুস্থানে গ্রাম্য পশুর মধ্যে উত্তম এবং দুর্ম্মূল্য কাশ্মীরি ছাগ যাহার পশম হইতে কাশ্মীরি শাল প্রস্তুত হয়। গাভী মেষ গর্দ্দভ ঘোটক উষ্ট্র মহিষ গ্রাম্য পশুর মধ্যে প্রধান। সিংহ হস্তী ব্যাঘ্র গণ্ডার বরাহ ও নানাজাতি বানর বন্য পশুর মধ্যে প্রধান। বনমানুষ হরিণ প্রভৃতি হিন্দুস্থানের স্থানে২ জন্মে।

রঞ্জক দ্রব্য।

হিন্দুস্থানে নানাবিধ বস্ত্রে রঙ্গ করিবার জন্য যে কস প্রস্তুত হয় তাহার মধ্যে প্রধান আউচ, বকম প্রভৃতি কাষ্ঠ। লাক্ষা নীলি কিরিঞ্চী মঞ্জিষ্ঠা কুসুম কুঙ্কুম হরিদ্রা প্রভৃতি পুষ্পের কস।

গন্ধদ্রব্য অর্থাৎ মসলা।

গুবাক্, এলাচ, দারুচিনি, নির্ম্মল, পিপ্পলী তেজ পাত্র লবঙ্গ ধন্যা জিরা মরীচি মৃগনাভি জায়ফল অগুরু

প্রভৃতি গন্ধ দ্রব্য এই স্থান হইতে নানা দেশে প্রেরিত হয়।

ফল।

হিন্দুস্থানের ফলের মধ্যে উৎকৃষ্ট নারিকেল এবং আম্র তিন্তিড়ী রম্ভা কণ্টকিফল কমলালেবু আনারস দ্রাক্ষা দাড়িম্ব খর্জূর প্রভৃতি ফল।

শস্য।

প্রধান শস্য ধান্য, যব, গোধূম, মুদ্গ, ইক্ষু, কার্পাস, ছোলা, তিল সর্ষপ। মসীনা রেসম নীল প্রভৃতি।

বাণিজ্যোপযোগি দ্রব্য।

প্রস্তুত কার্পাস অর্থাৎ মলমল। তাঞ্জেব প্রভৃতি উৎকৃষ্ট বস্ত্র। প্রস্তুত পশম অর্থাৎ শাল। প্রস্তুত রেসম প্রস্তুত তসর প্রভৃতি দুর্ম্মূল্য বসন। চিনি চাউল এবং লবণ অহিফেণ মধু মোম শুণ্ঠী প্রস্তুত হস্তিদন্ত পাট শোন তামাকু এবং নারিকেল তৈল প্রভৃতি।

ধাতু এবং রত্ন।

হিন্দুস্থানে স্বর্ণ এবং রৌপ্যের খনি নাই। কিন্তু স্থানেং ঝরণা জলে ধূলির ন্যায় প্রাপ্তি হয়। এস্থলে লৌহ তাম্র সীসক প্রভৃতি ধাতুর খনি আছে।

এই ভারতবর্ষ ভূমিতে হীরক প্রভৃতি নানা মণির উৎপত্তি জন্য বহুদিনাবধি ইহার অত্যন্ত খ্যাতি আছে কুত্রাপি এরূপ অনুপম হীরাকর খণি নাই, কেবল

ইউরোপের রাজ্য সকলের পরিমাণ এবং লোক সংখ্যা।

রাজ্য	চতুরস্র ক্রোশ	লোক সংখ্যা।
সুইডেন এবং নারোয়ে	৭৪২৫৪	৪০০০০০০
রুষিয়া এবং পোলণ্ড	৪৩৮৭৫০	৪৯০০০০০০
দিনমার রাজ্য	৫৫০০	২১০০০০০
হলণ্ড	২৭৫০	২৮০০০০০
বেলজীয়ম	৩২৫৪	৪২০০০০০
মহাব্রিটেন এবং আয়র্লণ্ড ..	৩০২৫০	২৫০০০০০০
ফরাশীশ্ দেশ	৫১২৫০	৩২৫০০০০০
স্পেইন	৪৫৭৫০	১২০০০০০০
পোর্তুগাল	১৪৭৫০	৩৬০০০০০
প্রুসিয়া	২৬৭৫০	১৪০০০০০০
অস্ট্রিয়া	৬৪৭৫০	৩৩০০০০০০
জর্মনি রাজ্য........	১৫৫০০	১৫০০০০০০
সুইজলণ্ড	৩৭৫০	২০০০০০০
ইটালী	৩০৫৭০	২১০০০০০০
আয়োনিয়ান্ উপদ্বীপ সমূহ	২৫০	১৯০০০০
গ্রীশ	৫২৫০	৬১০০০০
তুর্কী	৫১৭৫০	৯০০০০০০
সর্ব্বসুদ্ধ	৮৭৫০০০	২৩০০০০০০০

আমেরিকাস্থ ব্রেজিল প্রদেশে ইহা অপেক্ষা অল্প মূল্য এবং নীচতর এক হীরকের খণি আছে।

ভারতবর্ষে হীরকের ছয় প্রসিদ্ধ খণি আছে, যথা বিজয়পুরে দুই খণি, গোলকণ্ডায় এক খণি, মহানদী সমীপস্থ প্রদেশে এক খণি, পেশর নদের দক্ষিণে এক খণি এবং বন্দেলখণ্ডে যমুনা নদীর ৩০ ক্রোশ দক্ষিণে এক খণি আছে। লালমণি নীলকান্তমণি অর্থাৎ পান্না এবং পদ্মরাগমণি প্রভৃতি ব্রহ্ম রাজ্য এবং লঙ্কায় উৎপন্ন হয়। লঙ্কার নিকটস্থ সমুদ্রে মুক্তার উৎপত্তি হয়।

৫ অধ্যায়।

ইউরোপ।

ইউরোপের উত্তর সীমা উত্তর মহাসাগর, দক্ষিণ সীমা ভূমধ্যস্থ সাগর এবং জিব্রালটর মোহানা, পশ্চিম সীমা আটলাণ্টিক মহাসাগর, পূর্ব্বসীমা ইউরাল পর্ব্বত বল্গা নদী ডন নদী আজবসাগর কৃষ্ণসাগর কানস্তান্তিনোপল্ মোহানা এবং মার্মোরা সাগর।

ইউরোপের মধ্যে পশ্চাল্লিখিত কতিপয় রাজ্য আছে যথা উত্তরে রুষিয়া, সুইডেন এবং নারোয়ের সংযোজিত রাজ্য এবং দিনামার রাজ্যমধ্যে জর্ম্মেনি অষ্ট্রিয়া, প্রুসিয়া, সুইজর্লণ্ড, হলণ্ড এবং বেল্জীয়ম। দক্ষিণে ফরাশীশ দেশ, স্পেইন, পোর্তুগাল, তুর্কী, গ্রীশ

নবরাজ্য এবং ইটালী দেশস্থ সার্ডিনিয়া, নেপল্স, টস্কানী এবং পাপরাজ্য। পশ্চিমে মহাব্রিটন (অর্থাৎ ইংলণ্ড এবং স্কট্লণ্ড) আয়র্লণ্ড এবং অন্য ক্ষুদ্র২ উপদ্বীপ মহাব্রিটন এবং আয়র্লণ্ডের সংযোজিত রাজ্যনামে খ্যাত আছে।

রাজ্যের বিশেষ২খণ্ড এবং প্রধান২ প্রদেশ।

রুষিয়ার মধ্যে রক্তরুষিয়া, কৃষ্ণরুষিয়া, শ্বেত-রুষিয়া, লাপ্লণ্ড, ফিন্লণ্ড এবং পোলণ্ডের কিঞ্চিৎ অংশ আছে।

পোলণ্ড পূর্ব্বে ইউরোপের এক পৃথক্ রাজ্য ছিল, পরে ইং ১৭৯৫ সালে রুষিয়া অস্ত্রিয়া এবং প্রুষিয়ার রাজারা কুমন্ত্রণা দ্বারা পোলণ্ডের রাজাকে পদচ্যুত করিয়া আপনারা ঐ রাজ্য অংশ করিয়া লইলেক।

জর্ম্মেনি দেশের মধ্যে ৩৫ স্বাধীন রাজ্য আছে তন্মধ্যে হেনবর নামক রাজ্য ইংলণ্ডের অধিকারস্থ।

অস্ত্রিয়া সাম্রাজ্যের মধ্যে প্রকৃত অস্ত্রিয়া, বোহিমিয়া, মোরাবিয়া, (ইহারা জর্ম্মেনির প্রদেশ) হঙ্গেরি, এবং পোলণ্ডের প্রদেশ গালিজিয়া ইটালীর উত্তর ভাগস্থ লোম্বার্ডি প্রদেশ, এবং লোম্বার্ডির উত্তরস্থ তায়রল্ প্রদেশ আছে।

ইটালীর উত্তরপশ্চিমস্থ পিড্মণ্ট, সেবায়, জিনোয়া ও মিলানের একঅংশ এবং ভূমধ্যস্থ সাগরস্থ সার্ডি-নিয়া উপদ্বীপ, সার্ডিনিয়া রাজ্য নামে খ্যাত আছে।

ইটালীরদক্ষিণাংশ এবং সিসিলিউপদ্বীপ, নেপল্স রাজ্যনামে খ্যাত আছে।

ইটালীর মধ্যে লোম্বার্ডি, পাপরাজ্য, টস্কানী, সার্ডিনিয়া এবং নেপল্স রাজ্যাংশ,এবং পার্মা,লুকা, ও মদেনা ক্ষুদ্র রাজ্য আছে।

মহাব্রিটন উপদ্বীপের দক্ষিণাংশ ইংলণ্ড, উত্তরাংশ স্কট্লণ্ড, এবং পশ্চিমাংশ ওয়েল্স।

রাজধানী এবং প্রধান২ নগর।

রুষিয়ার রাজধানী পিতস্বরা নিবা নদীর ধারে। পূর্ব্বে মাস্কো ইহার রাজধানী ছিল ঃ ইহার নগর ওয়ার্সা পূর্ব্বে পোলণ্ডের রাজধানী ছিল।

সুইডেনের রাজধানী ষ্টাক্হলম্ বাল্টীক সাগরের সপ্ত উপদ্বীপের উপরে ! এবং নাব্রোয়ের রাজধানী বর্জিন নারোয়ের পশ্চিম ধারে।

দিনামাররাজ্যের রাজধানীকোপেন্হেগেন্জীলণ্ড উপদ্বীপে আছে, ইহার নগর আল্বর্গ।

জর্ম্মেনির অন্তঃপাতি সেক্সনি রাজ্যের রাজধানী ড্রেষ্দেন্ এল্বা নদীর ধারে। হেনোবর রাজ্যের রাজধানী হেনোবর। জর্ম্মেনিতে চারিস্বাধীন নগর আছে যথা এল্বা নদীর তীরস্থ হেম্বর্গ, মেইন নদীর তীরস্থ ফ্রাঙ্কফোর্ট, এবং লুবেক, আর লিপ্জিগ নগর। লিপ্জিগ্ নগর বিস্তীর্ণ বাণিজ্যস্থল !

অষ্ট্রিয়ার রাজধানী বায়েনা দানুবা নদীর তীরে। অষ্ট্রিয়া রাজ্যের যে খণ্ড ইটালীর অন্তঃপাতি, তাহার রাজধানী মিলান। অষ্ট্রিয়ার অন্তঃপাতি হঙ্গেরির প্রধান নগর প্রেস্‌বর্গ এবং বুদা, দানুবা নদীর ধারে। পোলণ্ডের প্রধান নগর ক্রাকো বিষ্টিউলা নদীর ধারে। বোহিমিয়ার প্রধান নগর প্রেগ্ দানুবা নদীর ধারে। বিনিস্ নগর বিনিস্ ক্ষুদ্রাখাতের তীরে।

প্রুসিয়ার রাজধানী বর্লীন্ স্প্রী নদীর তীরে। তাহার প্রধান নগর দাঞ্জিগ্ বিষ্টিউলা নদীর তীরে।

সুইজর্লণ্ডের রাজধানী বরন্ য়্যার নদীর তীরে। তাহার নগর জিনিবা জিনিবাহ্রদের তীরে।

হলণ্ডের রাজধানী আমষ্টর্ডম আমষ্টল্ নদীর তীরে। তাহার প্রধান নগর রটর্ডম মেষ নদীর তীরে আন্তর্প সেল্‌ট নদীর তীরে, তদ্ব্যতীত লিডেন এবং হার্লেম নগর আছে। কেহ২ বলেন হার্লেম নগরে ছাপার সৃষ্টি হইয়াছিল। লিডেনে বিখ্যাত পাঠশালা আছে। হলণ্ডের অন্তঃপাতি হেগ্ নামক গ্রাম পৃথিবীর সকল গ্রাম অপেক্ষা বৃহৎ।

বেল্‌জীয়মের রাজধানী ব্রুসেল্‌স মেষ নদীর শাখার ধারে। তাহার প্রধান নগর গেণ্ট সেল্‌ট নদীর ধারে।

ফরাশীশ্ রাজ্যের রাজধানী পারিস, সীননদীর

ধারে। তাহার প্রধান নগর লায়ন্‌স রোন্ নদীর ধারে, মার্সেলিস্ লায়ন্‌স ক্ষুদ্রাখাতের ধারে, এবং নাণ্টিস নগর। তদ্ব্যতীত ডঙ্কর্ক ব্রেষ্ট এবং টোলন্ বন্দর আছে। নাণ্টিসেবিখ্যাত ব্রাণ্ডি জন্মে, লায়ন্‌সে উত্তম রেশমজন্মে। মার্সেলিস্ অতিবিখ্যাত বাণিজ্য স্থল।

স্পেইনের রাজধানী মাদ্রীদ্ মাঞ্জনারী শাখা নদীর ধারে। তাহার প্রধান নগর টোলেডো টেগস্ নদীর ধারে, কেডিজ্ বন্দর আট্‌লাণ্টিকমহাসাগরের তীরে, তদ্ব্যতীত শালেমেঙ্কা এবং জিব্রাল্‌টর নগর আছে। জিব্রালটর নগর ইংরাজের অধিকারস্থ।

পোর্তুগালের রাজধানী লিস্‌বন্ টেগস্ নদীর ধারে। তাহার প্রধান নগর ওপোর্টো দুরোনদীর নিকটবর্ত্তী, তাহাতে পোর্টো নামক মদ্য প্রস্তুত হয়॥

ইটালীর অন্তঃপাতি সার্ডিনিয়ার রাজধানী টিউরিন। টস্কেনীর রাজধানী ফ্লরেন্‌স আর্ণোনদীর ধারে পোপ রাজ্যের রাজধানী রুম টাইবর্ নদীর ধারে। নেপল্‌স রাজধানী নেপলস্‌অখাতের নিকটস্থ। ইটালীর প্রধান বন্দর জিনোয়া জিনোয়া ক্ষুদ্রাখাতের নিকটস্থ।

তুর্কীর রাজধানী কানস্তান্তিনোপল্ কানস্তান্তিনোপল্ মোহানার ধারে। তাহার প্রধান নগর বেল্‌গ্রেড্, রাজ্যের উত্তর পশ্চিমভাগে।

গ্রীশের মধ্যে পূর্ব্বে স্পার্টা থিব প্রভৃতি উত্তমং নগর ছিল, কিন্তু এইক্ষণে ইহার রাজধানী এথেন্স।

ইংলণ্ডের রাজধানী লণ্ডন তামস্ নদীর ধারে। স্কট্লণ্ডের রাজধানী অড়িন্বরা ফোর্থ নদীর ধারে। আয়র্লণ্ডের রাজধানী ডব্লিন লিফি নদীর ধারে। লণ্ডন নগর পৃথিবীর সকল নগর অপেক্ষা প্রধান। অড়িন্বরাতে বিখ্যাত বিদ্যালয় আছে।

ইংলণ্ডের অন্তর্গত মর্সী নদীর তীরস্থ লিবর্পূল এবং এবন নদীর তীরস্থ ব্রিস্টল নগর বাণিজ্যবিষয়ে বিখ্যাত। ইংলণ্ডস্থ মেঞ্চেষ্টর বর্মিংহাম এবং সেফিল্ড নগর এবং স্কট্লণ্ডস্থ গ্লাস্গো শিল্পকার্য্যবিষয়ে বিখ্যাত। তামস্ নদীর তীরস্থ আক্সফোর্ড এবং কাম্ নদীর তীরস্থ কাম্ব্রীজ্ নগর প্রাচীন্ কালাবধি বিদ্যা বিষয়ে অতি বিখ্যাত।

আইস্লণ্ডের প্রধান নগর স্কাল্হোল্ট। কর্সিকার প্রধান নগর বাস্তিয়া। সার্ডিনীয়া উপদ্বীপের প্রধান নগর কাগ্লীয়ারী। সিসিলির প্রধান নগর পালের্মো এবং সায়রেকিয়ুস্।

পর্ব্বত।

ইউরাল পর্ব্বত শ্রেণী ইউরোপীয় রুষিয়া এবং আসিয়াস্থ রুষিয়ার মধ্যবর্ত্তী, তাহার উচ্চতা ৪৫২০ হস্ত।

ডফ্রাফিল্ড পর্ব্বতশ্রেণী নারোয়ে এবং সুইডেনের মধ্যবর্ত্তী, তাহার উচ্চতা ৫০৮০ হস্ত।

অর্জ্জবর্গ এবং সুদেটিক পর্ব্বত শ্রেণী প্রায় বোহিমিয়াকে বেষ্টিত করিয়া আছে।

কার্পেথিয়ান্ পর্ব্বত শ্রেণী প্রায় ৫৯১৩ হস্ত উর্দ্ধে হঙ্গেরির উত্তর এবং পূর্ব্বভাগে স্থাপিত আছে।

পিরানিশ্ পর্ব্বতশ্রেণী স্পেইন এবং ফরাশীশ্ দেশের মধ্যবর্ত্তী, তাহার পরিমাণ প্রায় ৬৮০৩ হস্ত উর্দ্ধে।

আপিনাইন পর্ব্বতশ্রেণী ইটালীর দক্ষিণ হইতে উত্তর পর্য্যন্ত ব্যাপ্ত আছে তাহার পরিমাণ প্রায় ৮৩৮৭ হস্ত উর্দ্ধে।

আল্প পর্ব্বতশ্রেণী সুইজর্লণ্ড জর্ম্মেণি এবং ফরাশীশ্ দেশ হইতে ইটালীকে পৃথক করিয়াছে, তন্মধ্যস্থ ব্লাঙ্ক পর্ব্বত ইউরোপের সকল পর্ব্বত অপেক্ষা উচ্চ, তাহার পরিমাণ ১০৪৯০ হস্ত।

স্কট্লণ্ড দেশে গ্রাম্পিয়ন্ পর্ব্বত আছে, তন্মধ্যস্থ বেন্নবীশ্ পর্ব্বত মহাব্রিটনের সমস্ত পর্ব্বত অপেক্ষা উচ্চ, তাহার পরিমাণ ২৯০৫ হস্ত উর্দ্ধে।

সেবিয়ুট্ পর্ব্বত ইংলণ্ড এবং স্কট্লণ্ডের মধ্যবর্ত্তী। সিরাৎ পর্ব্বত স্পেইন দেশীয় বার্শিলোনার নিকটস্থ। ওয়েলস্ দেশে স্নোডন্ পর্ব্বত ২৩৮০ হস্ত উর্দ্ধ। ইংলণ্ড দেশে স্কিডা পর্ব্বত ২০১৪ হস্ত উর্দ্ধ।

সিসিলিতে এট্না অনলাধার পর্ব্বত প্রায় ৭৩০৮ হস্ত উর্দ্ধ। আইস্লণ্ডে হেক্লা অনলাধার পর্ব্বত ২৪৬০ হস্ত উর্দ্ধ। নেপাল্স দেশে বিসুবিয়স্ অনলাধার পর্ব্বত প্রায় ২৬৫২ হস্ত উর্দ্ধ। লিপারি উপদ্বীপে ষ্ট্রম্বোলি অনলাধার পর্ব্বত ১৯২২ হস্ত উর্দ্ধ।

প্রায়োদ্বীপ এবং ডমরুমধ্য।

অদ্রীয়টিক্ সাগরের পশ্চিমে ইটালী প্রায়োদ্বীপ, কৃষ্ণসাগরে ক্রীমিয়া প্রায়োদ্বীপ। স্পেইন এবং পোর্ত্তুগাল প্রায়োদ্বীপ আটলাণ্টিক মহাসাগর হইতে ভূমধ্যস্থ সাগরকে পৃথক করে। গ্রীশের দক্ষিণভাগে মোরিয়া প্রায়োদ্বীপ। সুইডন এবং নারোয়ে স্কান্দিনেবিয়া প্রায়োদ্বীপ নামে খ্যাত ছিল, দিনামার রাজ্যে জট্লণ্ড প্রায়োদ্বীপ।

করিন্থ ডমরুমধ্য দ্বারা মোরিয়ার সহিত গ্রীশের উত্তর ভাগের যোগ আছে। ঐরূপ ডমরুমধ্য দ্বারা ক্রীমিয়ার সহিত ক্ষুদ্র তাতারের যোগ আছে।

অন্তরীপ।

ইউরোপের উত্তর প্রান্তভাগে উত্তর অন্তরীপ। স্কট্লণ্ডের উত্তর ভাগে রথ অন্তরীপ। আয়র্লণ্ডের দক্ষিণস্থ এক ক্ষুদ্র উপদ্বীপের দক্ষিণভাগে ক্লিয়র্ অন্তরীপ ইংলণ্ডের দক্ষিণ পশ্চিম ভাগে লণ্ডসেণ্ড অন্তরীপ। এবং লিজার্ড অন্তরীপ, কর্ণোয়ালের মধ্যস্থ।

এবং উত্তর ফোর্লণ্ড ও দক্ষিণ ফোর্লণ্ড কেণ্টের মধ্যস্থ।

স্পেইনের উত্তর ভাগে আর্টগাল অন্তরীপ, পশ্চিম ভাগে ফিনিষ্টর অন্তরীপ এবং দক্ষিণভাগে ত্রাফাল্গার অন্তরীপ। পোর্তুগালে সেণ্টব্রিন্‌সেণ্ট অন্তরীপ এবং রোকা অন্তরীপ। ইটালীর দক্ষিণভাগে স্পার্টিবেণ্ট অন্তরীপ। মোরিয়াতে মাটাপান্ অন্তরীপ।

উপদ্বীপ।

আট্‌লাণ্টিক মহাসাগরস্থ আইস্‌লণ্ড এবং ফেরো উপদ্বীপ এবং বাল্টিক সাগরস্থ জীলণ্ড এবং ফিউনেন উপদ্বীপ দিনামার রাজ্যের অধিকারস্থ।

বাল্টিক সাগরস্থ ওলণ্ড এবং গথ্‌লণ্ড উপদ্বীপ সুইডেনের অধীন। এবং লফোডন্ উপদ্বীপ সমূহ নারোয়ের অধীন।

উত্তর মহাসাগরস্থ স্পিট্‌বর্গেন উপদ্বীপ এবং বাল্টিক সাগরস্থ অলণ্ড দেগো এবং ইজেল উপদ্বীপ রুষিয়ার অধীন।

ভূমধ্যস্থ সাগরে ইটালীর পশ্চিমস্থ কর্সিকা উপদ্বীপ (মহাবীর বোনাপার্টির জন্মস্থান) ফরাশীশ্ রাজ্যের অধীন। এল্‌বা উপদ্বীপ টস্কানীর অধীন।

বেল্যারিক্ উপদ্বীপ সমূহ অর্থাৎ মেজর্কা মিনর্কা এবং আইবিকা স্পেইনের অধীন। আট্‌লাণ্টিক মহা-

সাগরস্থ আজর্স উপদ্বীপ পোর্তুগালের অধীন। গ্রীশ এবং আসিয়া মাইনরের মধ্যবর্ত্তী কাণ্ডিয়া রুদস্ এবং অন্য২ ক্ষুদ্র উপদ্বীপ সমূহ ভূমধ্যস্থ সাগরীয় বহু-দ্বীপ নামে খ্যাত আছে, তাহা তুর্কীর অধীন। ভূমধ্যস্থ সাগরে কর্ফু, জান্তি, সিফালোনীয়া প্রভৃতি সপ্ত উপ-দ্বীপ আয়োনীয় উপদ্বীপ সমূহ নামে খ্যাত আছে, ইহারা স্বয়ং একস্বাধীন রাজ্য কিন্তু ইংরাজের আ-শ্রিত। সিসিলির উত্তরে লিপারি নামক দ্বাদশ উপদ্বীপ নেপল্স রাজ্যের অধীন।

স্কট্লণ্ডের উত্তরে অর্কনী উপদ্বীপ সমূহ ও সেট্-লণ্ড উপদ্বীপ সমূহ এবং পশ্চিমে হেব্রাইডিস্ উপদ্বীপ সমূহ স্কট্লণ্ডের অধীন। ব্রিটিস্ বৃহন্মোহানাতে ওয়া-ইট্ উপদ্বীপ, আইরিস্ বৃহন্মোহানাতে ম্যান উপদ্বীপ, ফরাশীশ্ দেশের উত্তর পশ্চিমে জর্সি, গরেন্সী এবং আল্ডর্ণী উপদ্বীপ এবং লণ্ডসেণ্ড অন্তরীপের নিক-টস্থ সিলি উপদ্বীপ, ইহারা সকলে ইংলণ্ডের অধীন। আইরিস্ বৃহন্মোহানাস্থ এঙ্গলিসা উপদ্বীপ ওয়েল্সের অধীন। সিসিলির দক্ষিণস্থ মাল্টা উপদ্বীপ মহাব্রিট-নের অধীন।

মহাব্রিটন (অর্থাৎ ইংলণ্ড ও স্কট্লণ্ড) আয়র্লণ্ড, সিসিলি, এবং সার্ডিনিয়া ইউরোপীয় প্রধান উপ-দ্বীপ রূপে গণ্য আছে।

সাগর।

উত্তর মহাসাগরাক্রান্ত অথচ রুষিয়ার উত্তরে শ্বেত সাগর।

আটলাণ্টিক মহাসাগরাক্রান্ত অথচ মহাব্রিটন এবং দিনমার রাজ্যের মধ্যবর্ত্তী জর্মান সাগর। সুইডেনের দক্ষিণ পূর্ব্বে ও প্রুসিয়া এবং রুষিয়ার উত্তর পশ্চিমে বাল্টিক সাগর। ইউরোপ এবং আফ্রিকার মধ্যস্থলে ভূমধ্যস্থ সাগর। ইউরোপ এবং আসিয়ার মধ্যস্থলে কৃষ্ণসাগর, আজব সাগর এবং মার্ম্মোরা সাগর।

অখাত এবং ক্ষুদ্রাখাত।

উত্তর মহাসাগরস্থ শ্বেত সাগরের শাখা কাণ্ডলাক্স এবং আর্কেঞ্জল ক্ষুদ্রাখাত। তদ্ভিন্ন চেস্কেয়া এবং ওয়ারঙ্গরফিয়র্ড ক্ষুদ্রাখাত আছে।

আটলাণ্টিক মহাসাগরস্থ বাল্টিক সাগরের শাখা বোথনীয়া ক্ষুদ্রাখাত, ফিনলণ্ড ক্ষুদ্রাখাত এবং রা-ইগা ক্ষুদ্রাখাত। স্পেইনের উত্তরে এবং ফরাশীশ্ দেশের পশ্চিমে বিস্কে অখাত। নেপল্সের নিকট নেপল্স অখাত। ফরাশীশ্ দেশের দক্ষিণে লায়নস্ ক্ষুদ্রাখাত। জিনোয়ার নিকট জিনোয়া ক্ষুদ্রাখাত। ইটালী এবং তুর্কীর মধ্যে বিনিস্ ক্ষুদ্রাখাত বা অদ্রিয়াটিক সাগর। ইটালীর দক্ষিণে তারেন্তা ক্ষুদ্রাখাত। গ্রীশের সংক্রান্ত করিন্থ ক্ষুদ্রাখাত।

বৃহন্মোহানা এবং মোহানা।

আইরিস্ বৃহন্মোহানা। ইংলণ্ড এবং আয়র্লণ্ডের মধ্যে ব্রিটিস্ বৃহন্মোহানা। ইংলণ্ড এবং ফরাশীশ্ দেশের মধ্যবর্ত্তী। স্কেজররাক্ এবং কাটিগাট বৃহন্মোহানা দ্বারা জর্মান সাগরের সহিত বাল্টিক্ সাগরের সংযোগ আছে। ডোবর মোহানা ডোবর এবং কেলাইসের মধ্যবর্ত্তী। জিব্রাল্টর মোহানা স্পেইন এবং আফ্রিকার মধ্যবর্ত্তী। সার্ডিনিয়া এবং কর্সিকার মধ্যে বনিফেসিয়ো মোহানা। ইটালী এবং সিসিলির মধ্যে মসিনা মোহানা। কানস্তান্তিনোপল্ মোহানা দ্বারা কৃষ্ণসাগরের সহিত মার্মোরা সাগরের যোগ আছে। কাফা মোহানা দ্বারা কৃষ্ণসাগরের সহিত আজব্ সাগরের যোগ আছে। সৌণ্ড মোহানা সুইডেন এবং জীলণ্ড উপদ্বীপের মধ্যবর্ত্তী। ডার্ডেনেল মোহানা দ্বারা মার্মোরা সাগরের সহিত ইজিয়ান্ সাগরের যোগ আছে। ওটারেণ্ট মোহানা দ্বারা বিনিস্ ক্ষুদ্রাখাতের সহিত ভূমধ্যস্থ সাগরের যোগ আছে।

নদী।

বল্গা, ডন, এবং নাইপর নদী রুষিয়ার মধ্যস্থ পর্ব্বতে উৎপন্না হইয়াছে। বল্গা নদী অস্তরখানের নিকট দিয়া কাস্পিয়ান্ সাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ১০৯৫ ক্রোশ: ডন্ নদী আজব্ দেশের নিকটে

আজব্ সাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ৪৯০ ক্রোশ। নাইপর নদী চর্সন্ দেশ হইয়া কৃষ্ণসাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ৬৯০ ক্রোশ।

দানুবা নদী সুয়াবিয়া নগরের রাজবাটীর অঙ্গনে উৎপন্না হইয়া পূর্ব্বমুখে অস্ত্রিয়া এবং বেবেরিয়ার মধ্যদিয়া পরে দক্ষিণমুখে হঙ্গেরির মধ্য হইয়া পুনর্ব্বার পূর্ব্বমুখে তুর্কী দেশ দিয়া পঞ্চশাখা হইয়া কৃষ্ণ সাগরে নির্গতা হয়। ইহার দীর্ঘতা ৯১৭ ক্রোশ। এবং ইহার ধারে অনেক নগর আছে যথা বেবেরিয়া দেশস্থ রাটিস্বরন্ নগর, বায়েনা, প্রেস্বর্গ, বুদা, এবং বেল্গ্রেড নগর।

দূয়িনা নদী রুষিয়াস্থ বলগ্দা পর্ব্বতের নিকট উৎপন্না হইয়া শ্বেত সাগরে নির্গতা হয়। দীর্ঘতা ৫০০ ক্রোশ।

বিশ্চিউলা নদী ক্রাপাক পর্ব্বতে উৎপন্না হইয়া উত্তরমুখে দাঞ্জিগ ক্ষুদ্রাখাতে নির্গতা হয়। দীর্ঘতা ৩২৫ ক্রোশ এবং ইহার ধারে ওয়ার্সা, থরন্ এবং দাঞ্জিগ নগর আছে।

এল্ব নদী বোহিমিয়ার পর্ব্বতে উৎপন্না হইয়া জর্ম্মেনি দিয়া জর্মান সাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ৩৮৫ ক্রোশ। এই নদীর ধারে ড্রেস্ডন এবং হেম্বর্গ নগর আছে।

সেল্‌ট নদী ফরাশীশ্‌ দেশের দুয়ে পর্ব্বতের নি-কটে উৎপন্না হইয়া আন্তর্প নগর দিয়া জর্মান সাগরে নির্গতা হয়। মেষ নদী ফরাশীশ্‌ দেশের শ্যাম্পেইন প্রদেশে উৎপন্না হইয়া বেল্‌জিয়ম্‌ দিয়া পরে পশ্চিম বাহিনী হইয়া জর্মান সাগরে নির্গতা হয়। ইহার ধারে ব্রুসেল্‌স এবং রটর্ডম্‌ নগর আছে।

রাইন নদী সুইজর্লণ্ডের পর্ব্বতে উৎপন্না হইয়া কানস্তান্‌স হ্রদ দিয়া জর্মেনি এবং হলণ্ডের মধ্যে পশ্চিম উত্তর বাহিনী হইয়া তামস্‌ নদীর মোহানার সম্মুখে জর্ম্মান্‌ সাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ৪২০ ক্রোশ, এবং ইহার তীরে স্ত্রাস্‌বর্গ, ওয়ারম্‌স, মেণ্টজ্‌, কোলোন্‌, এবং লিডন্‌ নগর আছে।

লয়র্‌ নদী লঙ্গোয়েডক্‌ পর্ব্বতে উৎপন্না হইয়া নাণ্টিস্‌ নগরের নিকট দিয়া আট্‌লাণ্টিক্‌ মহাসাগরে নির্গতা হয়। ইহার দীর্ঘতা ২৬০ ক্রোশ এবং ইহার ধারে নাণ্টিস্‌ এবং অলীন্‌স নগর আছে।

রোন্‌ নদী আল্প পর্ব্বতীয় সেণ্টগথার্ড পর্ব্বতের নিকটে উৎপন্না হইয়া ফরাশীশ্‌ দেশের মধ্যদিয়া দক্ষিণমুখে লায়ন্‌স ক্ষুদ্রাখাতে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ২৫৫ ক্রোশ, এই নদীর ধারে লায়ন্স এবং এবিগ্নন্‌ নগর আছে।

সীন্‌ নদী বর্গণ্ডীতে উৎপন্না হইয়া ব্রিটিস্‌ বৃহন্মো-হানাতে নির্গতা হয়, দীর্ঘতা ২২৫ ক্রোশ।

গারোন্ নদী পিরানিস্ পর্ব্বতে উৎপন্না হইয়া বিস্কে অখাতে নির্গতা হয়, দীর্ঘতা ১২০ ক্রোশ।

টেগস্ নদী স্পেইন্ দেশস্থ আরাগান্ প্রদেশে উৎপন্না হইয়া দক্ষিণ পশ্চিমভাগ দিয়া লিস্‌বন্ নগরের নিকট আটুলাণ্টিক মহাসাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ২৯০ ক্রোশ; ইহার ধারে লিস্‌বন এবং টলেডো নগর এবং ইহার এক শাখার ধারে মাদ্রিদ্ নগর আছে।

এব্রোনদী অস্ত্রিয়ার পর্ব্বতে উৎপন্না হইয়া দক্ষিণ পূর্ব্বভাগ দিয়া ভূমধ্যস্থ সাগরে নির্গতা হয়, । দীর্ঘতা ২০০ ক্রোশ।

দুরো নদী কাষ্টিলিয়ান্ পর্ব্বতে উৎপন্না হইয়া পশ্চিম দিক্ দিয়া ওপোর্টোনগরের নিকটে আট্লাণ্টিক মহাসাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ২২৫ ক্রোশ।

পো নদী স্রেবয়্ দেশস্থ আল্প পর্ব্বতে উৎপন্না হইয়া পূর্ব্বদিক্ দিয়া অদ্রিয়াটিক্ সাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ২১৫ ক্রোশ এবং ইহার ধারে টিউরিন্ ফরেরা এবং অদ্রিয়া নগর আছে।

টাইবর্ নদী আপিনাইন্ পর্ব্বতে উৎপন্না হইয়া দক্ষিণ মুখে ভূমধ্যস্থ সাগরে নির্গতা হয়, ইহার দীর্ঘতা ৭৫ ক্রোশ, এবং ইহার মোহানা হইতে ১০ ক্রোশ দূরে রুম্ নগর স্থাপিত আছে।

তামস্ নদী গ্লষ্টর্সায়েরের কট্সোল্ড পাহাড়ে উৎপন্না হইয়া পূর্ব্বদক্ষিণ মুখে জর্ম্মান সাগরে নির্গতা হয়। ইহার দীর্ঘতা ১০৮ ক্রোশ এবং ইহার ধারে লণ্ডন, উইণ্ডসর, এবং অক্সফোর্ড প্রধান নগর আছে।

সেবরন্ নদী ওয়েল্স দেশস্থ পিল্লিঁমন্ পর্ব্বতে উৎপন্না হয়, এবং দক্ষিণবাহিনী হইয়া ব্রিষ্টল্ মোহনায় নির্গতা, ইহার দীর্ঘতা ১৭৫ ক্রোশ্ এবং ইহার ধারে গ্লষ্টর, ওয়ার্সেষ্টর, এবং শ্রূস্বরি নগর আছে।

ত্রেন্ত, অয়ুস্ এবং দরোয়েন্ত নদী মিলিত হইয়া হম্বর নাম্নী নদী উৎপন্না হয়। এই নদী ইয়র্কসায়ের এবং লিঙ্কন্সায়েরের মধ্য হইয়া জর্মান সাগরে নির্গতা হয়।

টে নদী স্কট্লণ্ড দেশস্থ গ্র্যাম্পিয়ান্ পর্ব্বতে উৎপন্না হইয়া জর্মান সাগরে নির্গতা হয়।

টুইড্ নদী লেনার্ক প্রদেশে উৎপন্না হইয়া ইংলণ্ড এবং স্কট্লণ্ডের মধ্যদিয়া জর্মান সাগরে নির্গতা হয়। ইহার ধারে বরুয়িক্ নগর আছে।

স্যানন্ নদী আয়র্লণ্ডের উত্তর পশ্চিমস্থ এলেন্ হ্রদ হইতে উৎপন্না হইয়া অপর বহুহ্রদের মধ্যদিয়া আট্লাণ্টিক মহাসাগরে নির্গতা হয়। ইহার দীর্ঘতা ১২৫ ক্রোশ, এবং ইহার ধারে লিমরিক্ প্রধান নগর আছে।

হ্রদ।

রুষিয়াতে লডগা এবং অনিগা হ্রদ। সুইডন্ দেশে উইনর এবং উইটর হ্রদ। ইংলণ্ডে কেশুইক্ বা দর্বেণ্টোয়াটর হ্রদ। স্কটলণ্ডে লোমণ্ড এবং লিবেন্ হ্রদ। আয়র্লণ্ডের দক্ষিণভাগে কিলার্ণী হ্রদ। হলণ্ডে হার্লেম হ্রদ। সুইজর্লণ্ডে জিনিবা এবং কানস্তান্স হ্রদ। ইটালীর উত্তরে কমো এবং মেগিয়োর হ্রদ।

ইউরোপীয় বাণিজ্যোপযোগি দ্রব্য।

ইংলণ্ড হইতে কার্পাস, ও বস্ত্র, নানা প্রকার লৌহ এবং ইস্পাত নির্ম্মিত অস্ত্র, যন্ত্র, কাচ, মৃৎপাত্র, কাগজ, লবণাক্ত শুষ্ক মৎস্য, বিবিধ মদ্য, এবং অন্য২ বহুবিধ দ্রব্য প্রাপ্ত হওয়া যায়। স্কটলণ্ড হইতে কার্পাস বস্ত্র, মেষাদি পশু, বিশেষ২ মৎস্য এবং উত্তর আমেরিকাস্থ, পশ্চিম ইণ্ডিয়া জাত দ্রব্য সমুদয়, এবং আয়র্লণ্ড হইতে বৃষ, শস্য, লবণাক্ত গোমাংশ, গোলআলু, এবং লিনেন্ নামক বস্ত্র পাওয়া যায়। উক্ত তিন স্থানের বাণিজ্য পৃথিবীমধ্যে অদ্বিতীয়।

রুষিয়া এবং সুইডেন হইতে চর্ম্ম, চর্ব্বি, আল্কাতরা, লৌহ, বাহাদুরী কাষ্ঠ, শোণ ইত্যাদি আইসে। নারোয়ে হইতে তাম্র, ফট্কিরি, বাহাদুরী কাষ্ঠ, চর্ব্বি, মাখন এবং শুষ্কমৎস্য। হলণ্ড হইতে গো মেষাদি পশু, নানাপ্রকার শুষ্কমৎস্য, হোয়েল নামক মৎস্যের তৈল,

চিনি, মসলা ইত্যাদি। ফরাশীশ রাজ্য হইতে ব্রাণ্ডি নামক সুরা, অন্য২ মদ্য, পশমী বস্ত্র, মখমল, রেশম, কাচ, সুচারু মৃৎপাত্র এবং ফলের মোরব্বা। স্পেইন হইতে পশম, সুরা, গুবাক, বাদাম, কমলানেবু, ডুম্বর, এবং কর্ক নামক বৃক্ষেরত্বচ। পোর্ত্তগাল হইতে ত্বচ এবং স্পেইন দেশোৎপন্ন অন্য২ দ্রব্য। জর্ম্মেণি হইতে তামাকু, শোণ, শূকরমাংস, কাষ্ঠ, পশম, হাপ এবং ম্যাডর নামক বৃক্ষ, এবং উত্তম মদ্য। ইটালী হইতে বিবিধ বৃক্ষতৈল, ফল, রেশম, এবং মার্বেল নামক প্রস্তর। তুর্কী হইতে গালীচা, চর্ম্ম, রেশম, ঔষধ, ডুম্বর এবং কাওয়া। পোলণ্ড হইতে গোধূম এবং ক্রাকোর আকর হইতে লবণ প্রাপ্ত হওয়া যায়।

ইংলণ্ড দেশস্থ কর্ণোয়াল প্রদেশে দস্তা জন্মে। কেণ্টেতে হাপ নামক বৃক্ষ জন্মে এবং নার্থম্বর্লণ্ডে পাথুরিয়া কয়লা পাওয়া যায়। লাঙ্কসেয়ারে বিখ্যাত কার্পাস নির্ম্মিত দ্রব্য, ইয়র্কসেয়ার এবং গ্লষ্টর সেয়া-রে বিখ্যাত পশমী বস্ত্র। ষ্টাফোর্ড সেয়ারে বিখ্যাত পাত্র। স্কট্‌লণ্ড এবং ওয়েল্‌স হইতে প্রচুর লৌহ পাওয়া যায়।

যে২ স্থানে যে২ বিখ্যাত দ্রব্য জন্মে তাহার বিবরণ।

দ্রেস্‌দেনে সুচারু মৃৎপাত্র—মেক্‌লীন্‌ এবং ব্রুসেলস নগরেজরী—লায়ন্‌স নগরে রেশমী দ্রব্য—জিনিবাতে

ঘটিকাযন্ত্র এবং পুতুলিকা—হঙ্গেরির মধ্যস্থ টকে প্রদেশে টকে নামক মদ্য—ফরাশীশ্ দেশস্থ শ্যাম্পেইন এবং বর্গণ্ডি প্রদেশে শ্যাম্পেইন এবং বর্গণ্ডিমদ্য স্পেইনের জেরিস্ প্রদেশে জেরিস্ মদ্য—পোর্তুগালের পোর্ট নগরে পোর্ট মদ্য।

জাতিবিশেষের স্বভাব।

রুষজাতির অধিকাংশ ব্যক্তি অসভ্য কিন্তু ধনি লোকেরা সম্প্রতি সভ্য হইয়াছে। সুইডন্ দেশীয়েরা বহুদর্শী এবং নীতিজ্ঞ। নারোয়ের লোক অসভ্য কিন্তু আতিথেয় এবং নীতিজ্ঞ। দিনামারেরা পরিশ্রমী এবং শান্ত। ওলেন্দাজেরা পরিশ্রমী অল্পব্যয়ী, এবং পরিচ্ছন্ন। জর্মানেরা বিজ্ঞ, প্রতিজ্ঞা শীল, এবং বিদ্বান্। সুইজর্লণ্ডীয়লোক সাহসী, বিশ্বাসীএবং দেশহিতৈষী। ইটালীয়লোক সঙ্গীত, কবিতা, এবং চিত্রবিদ্যায় অতি নিপুণ, কিন্তু অলস, পাপিষ্ঠ, প্রতি হিংসুক এবং ভণ্ডতপস্বী। ফরাশীশেরা শিষ্ট, পরিশ্রমী, শিল্প নিপুণ, যুদ্ধশীল, যশ আকাঙ্ক্ষী, জিজ্ঞানোৎসাহী, কিন্তু অনেকে তাহার দিগকে অসরল এবং কুনীতি বিশিষ্ট কহেন। স্পানিয়ারা এবং পোর্তুগীশেরা দর্পকারী, প্রতিহিংসুক, মূর্খ, এবং ভণ্ডতপস্বী, কিন্তু পূর্ব্বে সুসভ্য ছিল। তুরকেরা মূর্খ, এবং ভণ্ডজ্ঞানী, কিন্তু সৎ। আয়রিশ্ অর্থাৎ আয়র্লণ্ডীয়েরা সাহসী,

সৎ, চতুর কিন্তু আশু বিবাদী। স্কট্‌লণ্ডীয় লোক পরিমিত ব্যয়ী, বৃহৎকর্ম্মী, নীতিজ্ঞ এবং সাধারণবিদ্যোৎসাহী। ইংরাজেরদিগের শিল্পবুদ্ধি, বাণিজ্য কার্য্য, জাহাজীয় কর্ম্মে নৈপুণ্য, সাধারণ দাতব্যতা এবং স্বাধীনতার অভিলাষ পৃথিবীমধ্যে অদ্বিতীয়।

জাতিবিশেষের ধর্ম্ম এবং শাসন।

তুর্কী দেশে কেবল মহম্মদের ধর্ম্ম প্রচলিত আছে তদ্ব্যতীত সকল দেশীয় লোক খ্রীষ্টধর্ম্মাবলম্বী। তবে দেশ বিশেষে খ্রীষ্টধর্ম্মের নানাপ্রকার মত বিন্যস্ত হইয়াছে, যথা— স্পেইন্, পোর্তুগাল, ইটালী, বেলজীয়ম্, আয়র্লণ্ড এবং ফরাশীশ্ দেশীয় লোকেরা রোমান কাথলিক নামক এক প্রকার বিকৃত খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী। গ্রীশ্ এবং রুষিয়া দেশীয় লোক গ্রীশ ধর্ম্মমন্দিরের অনুগামী। নারোয়ে, সুইডেন, দিনামার রাজ্য প্রুষিয়া, ইংলণ্ড এবং জর্ম্মেনির উত্তর দেশস্থ লোকেরা লুথরনামক ধর্ম্মপ্রবর্ত্তকের নিয়মগামী। হলণ্ড, স্কট্‌লণ্ড, এবং জিনিবা দেশীয় মনুষ্যেরা কাল্‌বিন্ নামক ধর্ম্ম প্রবর্ত্তকের নিয়মাবলম্বী।

তুর্কী, রুষিয়া এবং অষ্ট্রিয়া একাধিপতি নৃপতি কর্তৃক শাসিত হয়, তাঁহার ইচ্ছাই নিয়ম। পোপ নামক ধর্ম্মাধ্যক্ষ ইটালীর মধ্যস্থলের শাসনকর্ত্তা। ডিউক্ নামক রাজারা টস্কানী এবং জর্ম্মান দেশান্ত-

আফ্রিকাস্থ রাজ্য সকলের পরিমাণ এবং লোকসংখ্যা।

রাজ্য	চতুরস্র ক্রোশ	লোক সংখ্যা
বার্বারি	১৪২৫০০	১০০০০০০০
মিশর দেশ	৪৫০০০	২৫০০০০০
নিউবিয়া	৮০০০০	৫০০০০০
আবিসিনিয়া	৭০০০০	৩০০০০০০
বৃহৎ মরুভূমি	৬৫০০০০	৩০০০০০
সুদান	৩০০০০০	১০০০০০০০
বর্গু দার্ফর প্রভৃতি . ..	১৩৫০০০	১২০০০০০
সিনে গাম্বিয়া	২১২৫০০	৭০০০০০০
উত্তর গিনি	৭০০০০	৬৫০০০০০
দক্ষিণ গিনি	৬৫০০০	৫৫০০০০০
দক্ষিণ আফ্রিকা	১২০০০০	১৫০০০০০
পূর্ব্ব আফ্রিকা	১৫০০০০	৩০০০০০০
ইথিয়োপিয়া	৭৮২৫০০	৩০০০০০০
আফ্রিকার উপদ্বীপ সমূহ	৫২৫০০	৩০০০০০০
সর্ব্বসুদ্ধ	২৭৫০০০০	৫৭০০০০০০

র্গত কতিপয় রাজ্যের শাসনকর্ত্তা। সুইজর্লণ্ডের ধনি লোকেরা তথাকার শাসনকর্ত্তা। রাজ্য এবং দেশীয় লোকের যক্তিদ্বারা ফরাশীশ্ রাজা শাসিত হয়। মহা ব্রিটিন্ এবং আয়র্লণ্ডের সংযোজিত রাজ্য এক ভূপতি আর লার্ড এবং কামান নাম্নী দুই সভা দ্বারা শাসিত হয়। ইউরোপস্থ অন্য প্রত্যেক দেশ একং রাজার অধীন। তন্মধ্যে হলণ্ড সুইডেন এবং দিনামার রাজ্যের উত্তম শাসন।

৬ অধ্যায়।

আফ্রিকা।

আফ্রিকার উত্তর সীমা ভূমধ্যস্থ সাগর, পূর্ব্বসীমা সুয়েজ্ ডমরুমধ্য, রক্ত সাগর, বাবেল্মান্দেল মোহানা এবং হিন্দীমহাসাগর, দক্ষিণসীমা দক্ষিণ মহা সাগর, পশ্চিম সীমা আটলাণ্টিক মহাসাগর।

উত্তরভাগে — মরক্কো, ফেজ, তাফিলেট, অলজীয়র্স টিউনিস্ — ত্রিপলি, এই সকল দেশ বার্বারি রাজ্য নামে খ্যাত আছে, তদ্ব্যতীত মিশর দেশ। পূর্ব্ব ভাগে — নিউবিয়া, আবিসিনিয়া, আদেল, আজান, জাঙ্গুইবার, মজাম্বিক, মন্মোটাপা, সোফালা, নাটাল।

পশ্চিমভাগে — গিনি, আশান্তি, দেহোমি, বেনিন্

বায়েম্বা, কঙ্গো, লোয়েঙ্গো, অঙ্গোলা, বেঙ্গুইলা, এবং জেলাফ ও ফৌলাশ্‌দিগের রাজ্য।

দক্ষিণভাগে — উত্তমাশা অন্তরীপের নববসতি, কাফ্রেরিয়া এবং হাতেন্তাত্‌ দিগের দেশ।

মধ্যস্থলে—বোর্ণো, দার্ফর, ফেজ্জান, তম্বক্তু, এবং সুদান বা নিগ্রিসিয়া নামক বৃহৎদেশ, তদ্ব্যতীত বহুস্থান অদ্যাপি অপ্রকাশিত আছে।

ইহার মধ্যে অল্‌জীয়র্স সম্প্রতি ফরাশীশের অধীন হইয়াছে। কঙ্গো রাজ্যে এবং পূর্ব্বতীরে পোর্তুগীশ্‌দিগের বসতি আছে। উত্তমাশা অন্তরীপ এবং অন্য২ বসতিস্থান ইংরাজের অধীন।

রাজধানী এবং প্রধান২ নগর।

মিশরদেশের রাজধানী মহাকেরো, ইহার নিকটে অনেক২ বৃহৎমন্দির আছে। তাহার প্রধান নগরের মধ্যে আলেগ্‌জন্দর রাজা কর্তৃক স্থাপিত আলেগ্‌জান্দ্রিয়া নগর ভূমধ্যস্থ সাগরের তীরে আছে। কাশীর বন্দর রক্তসাগরের পশ্চিম তীরে। এবং লুক্‌সর প্রাচীন থীব নগরের স্থানে নির্ম্মিত আছে। তদ্ব্যতীত সুয়েজ্‌ নগর।

উত্তরভাগস্থ বার্ব্বরি রাজ্যের অন্তঃপাতি মরকো, ফেজ, তাফিলেট, অল্‌জীয়র্স, টিউনিস্‌ এবং ত্রিপলি রাজধানী, ইহারা ক্রমে তত্তৎ নাম বিশিষ্ট রাজ্যের

রাজধানী। জিব্রালটরের সম্মুখস্থ সিউটা নগর স্পেইনের অধীন। তাঞ্জীয়র্স এবং টিটুয়ান বন্দর ফেজ রাজ্যের মধ্যে।

পশ্চিমতীরে—দোহামিররাজধানী এবমি, গিনির রাজধানী কোষ্ট অন্তরীপ। বেনিনের রাজধানী বেনিন্। লোয়েঙ্গোর রাজধানীলোয়েঙ্গো। বেঙ্গোলার রাজধানী বেঙ্গোলা। অঙ্গোলার আজধানী লোয়েণ্ডা। কঙ্গোর রাজধানী সেণ্টসাল্‌বেডর্ পোর্তুগীশের অধীন। আশান্তির রাজধানী কুমাজী। সায়েরালিয়ন্ ইংরাজের অধিকৃত।

পূর্ব্বধারে নিউবিয়ার প্রধান নগর সিনার এবং ডঙ্গোলা। আবিসিনিয়ার রাজধানী গোণ্ডার। আদেলের রাজধানী অকাগারেল। আজানের রাজধানী ব্রাভা। জাঙ্গুইবারের রাজধানী মলীণ্ডা। মজাম্বিকের রাজধানী মোজাম্বিক। মন্মোটাপার রাজধানী বেনিমোটাপা। সোফালার রাজধানী সোফালা।

দক্ষিণভাগে অন্তরীপ নগর।

মধ্যস্থলে ফেজানের রাজধানী মুর্জক। বোর্ণোর রাজধানী বোর্ণো। তাহার নগর তম্বক্তু এবং হুসা, নাইগর নদীর ধারে।

মরুভূমি।

সাহারা বা বহৎ মরুভমি বার্বারি হইতে নাইগর

এবং শিনেগাল্ নদী পর্য্যন্ত ব্যাপ্ত আছে। মিশর দেশের পশ্চিমে শেলিমা লিবিয়া এবং বার্ক মরুভূমি।

পর্ব্বত

আট্লাস পর্ব্বত শ্রেণী মরক্কোর পূর্ব্ব হইতে মিশর দেশের সীমা পর্য্যন্ত ব্যাপ্ত আছে। তাহার উচ্চতা ৮৩৩৩ হস্ত। এই পর্ব্বত হইতে পশ্চিম মহাসাগর আট্লাণ্টিক নাম প্রাপ্ত হইয়াছে। প্রাচীন লোকেরা এই পর্ব্বতের শৃঙ্গে সর্গের অবস্থিতি কল্পনা করিতেন। চান্দ্র পর্ব্বত (১৷৷ ক্রোশ উচ্চ) এবং কঙ্গো পর্ব্বত এক শ্রেণীভূক্ত হইয়া শায়েরালিয়নি হইতে আবিসিনিয়া পর্য্যন্ত ব্যাপ্ত আছে। পূর্ব্বদিকে লাপুটা পর্ব্বত পৃথিবীর পৃষ্ঠদণ্ড নামে খ্যাত আছে। রক্ত সাগরের পশ্চিম তীরস্থ এক পর্ব্বতশ্রেণীর নাম অদ্যাপি প্রচার নাই। সিউটার নিকটে আবিলা পর্ব্বত।

কেনারি দ্বীপস্থ টেনেরিফ পর্ব্বত প্রায় ৮২৩৮ হাত ঊর্দ্ধ। এই পর্ব্বত এক শৃঙ্গি পর্ব্বত সকলের মধ্যে উচ্চতম।

অন্তরীপ

বন্ বা বোনা অন্তরীপ সিসিলির অতি নিকটবর্ত্তী। ব্লাঙ্কো অন্তরীপ আফ্রিকার পশ্চিম শেষাংশ। বর্ড অন্তরীপ শেনেগালনদীর মোহানার সমীপবর্ত্তী। পাল মাস অন্তরীপ গিনির তীরস্থ। আফ্রিকার দক্ষিণভাগস্থ

উত্তমাশা অন্তরীপ বাস্কোডিগামা কর্তৃক ইংরাজি ১৪৯৭ সালে প্রকাশিত হয়। পূর্ব্বতীরে গোয়ার্ডফ অন্তরীপ।

উপদ্বীপ।

পূর্ব্বদিকে মেডাগাস্কর উপদ্বীপ তত্রস্থ রাজার অধীন। মারিশস্ উপদ্বীপ ইংরাজের অধীন। বোর্বোন্ ফরাশীশ রাজ্যের অধিকারস্থ। এজোর্স উপদ্বীপ সমূহ, বর্ড উপদ্বীপ সমূহ, এবং মেডেরা উপদ্বীপ সমূহ পোর্তুগীশের অধীন। মেডেরা উপদ্বীপে বিখ্যাত মদ্য জন্মে। মেডেরা এবং বর্ড উপদ্বীপ সমূহের মধ্যাস্থিত কেনারি উপদ্বীপ সমূহ স্পেইনের অধিকারস্থ। নাইগর্ নদীর মোহানার নিকটস্থ ফর্নান্দোপো উপদ্বীপ এবং বেঙ্গোলার দক্ষিণ পশ্চিমে সেণ্টহেলেনা উপদ্বীপ ইংরাজের অধিকারস্থ। শেষোক্ত উপদ্বীপে মহাবীর বোনাপার্ট কারারুদ্ধ থাকিয়া ইং ১৮২১ সালে কাল প্রাপ্ত হইয়াছেন।

অখাত এবং ক্ষুদ্রাখাত।

ভূমধ্যস্থ সাগরে এবোকর অখাত এবং সাইদ্রা ক্ষুদ্রাখাত। আটলাণ্টিক মহাসাগরে টেবিল অখাত, ইহার তীরে অন্তরীপ নগর। গিনি ক্ষুদ্রাখাত। গিনি ক্ষুদ্রাখাতের এক অংশকে বাইট আব বায়েফ্রা ক্ষুদ্রাখাত কহা যায়। ইহাতে নাইগর নদীর মুখ সকল নির্গত হয়।

হিন্দী মহাসাগরে দেলাগোয়া অখাত। মাদাগাস্করের পূর্ব্বাংশে সোফালা অখাত। আফ্রিকা প্রায়োদ্বীপ এবং মাদাগাস্করের মধ্যে মোজাম্বিক বৃহন্মোহানা।

হ্রদ।

মারাবিহ্রদ লাপটা পর্ব্বতের পশ্চিমে। দেম্বিয়া, দেবাই এবং হাসা সাগর নামক তিন হ্রদ দিয়া নাইগর নদী গমন করে।

নদী।

মিশর দেশের নাইল নদী অতিবিখ্যাতা. ইহার দীর্ঘতা ১৬২০ ক্রোশ, এই নদীর পূর্ব্বভাগ আবিসিনিয়ার পর্ব্বতে উৎপন্ন হইয়াছে, কিন্তু পশ্চিমভাগের উদ্ভবস্থান অদ্যাপি অপ্রকাশিত আছে, তবে বোধ হয়যে পশ্চিমভাগ চান্দ্রপর্ব্বতে উৎপন্ন হইয়া থাকিবে। নাইল নদী প্রাচীন থীব্স নগর এবং আধুনিক কেয়রো রাজধানী ও বিখ্যাত স্তম্ভসমূহের নিকট দিয়া মিশর দেশের দক্ষিণ উত্তর বাহিনী হইয়া দই মোহানাদ্বারা ভূমধ্যস্থ সাগরে নির্গতা হয়, তাহার পূর্ব্বমোহানার ধারে ডেমিয়েটা নগর এবং পশ্চিম মোহানার ধারে রোজেটা নগর।

মিশর দেশে অত্যল্প বর্ষা হইয়া থাকে, কিন্তু ভারতবর্ষীয় গঙ্গানদীর ন্যায় প্রতিবৎসর নাইল্ নদীর

জলপ্লাবন হওয়াতে মিশরদেশ অতি উর্ব্বরা হয়। এইরূপ জলপ্লাবন দ্বারা ভূম্যধিকারিদিগের ভূমিরচিহ্ন প্রতিবৎসর নষ্ট হইত, তন্নিমিত্তে তাহারা স্ব২ ভূমির সীমা নির্ণয় হেতু ভূমি পরিমাণ জ্ঞানশিক্ষা জন্য যত্ন যুক্ত হওয়াতে ভূমি পরিমাপক বিদ্যার সূত্র সৃষ্টি হয়!

নাইগর জোলিবা বা কোরা নদী কঙ্গপর্ব্বতে উৎপন্না হইয়া টম্বক্তুর কিঞ্চিদ্দূরে উত্তর পূর্ব্ববাহিনী পরে দক্ষিণবাহিনী হইয়া গিনি ক্ষুদ্রাখাতে নির্গতা হয়। দীর্ঘতা ১৪০০ ক্রোশ। এই উত্তম নদীর অনেক দূরাবধি নাবিকেরা গমনাগমন করিতে পারে। ইহার সীমা নির্ণয় করিতে গিয়া পার্ক সাহেবের মৃত্যু হয়, কিন্তু সম্প্রতি সীমা নিশ্চিত হইয়াছে।

সেনেগাল নদী ৭৪০ ক্রোশ দীর্ঘ এবং গাম্বিয়া নদী ৬৫০ ক্রোশ, উভয় কঙ্গপর্ব্বতের উত্তর পার্শ্বে উৎপন্না হইয়া পশ্চিম মুখে আটলাণ্টিক মহাসাগরে নির্গতা হয়।

বাণিজ্যোপযোগি দ্রব্য।

উত্তমাশা অন্তরীপের পথপ্রকাশের পূর্ব্বে ভারতবর্ষের বাণিজ্যোপযোগি দ্রব্য সকল মিশর দেশ দিয়া নীতানীত হইত, এবং তৎকালে আলেগজান্দ্রিয়া অতি বিখ্যাত বাণিজ্যস্থল ছিল, কিন্তু অধুনা মিশর দেশে বিদেশীয় বাণিজ্য অতিঅল্প।

গিনি এবং জাঙ্গোয়েবর দেশের তীরে ইউরোপীয়লোক হস্তিদন্ত, স্বর্ণরেণু, মৃগনাভি, আবলুষ্ কাষ্ঠ, আস্ত্রিচ নামক পক্ষির পক্ষ, এবং অন্য বিবিধ ঔষধোপযোগিদ্রব্য ক্রয় করে। আফ্রিকার উত্তর ও পশ্চিমে ইউরোপীয়েরা এবং পূর্ব্বদিকে আরবেরা বাণিজ্য করে। উত্তমাশা অন্তরীপের প্রধান বাণিজ্যদ্রব্য মদ্য, তন্মধ্যে কানস্তান্সিয়া নামক মদ্য অতি মূল্যবান্। টেনেরিফ এবং মাদেরা উপদ্বীপে উত্তম২ মদ্য জন্মে। বোর্বন্ এবং মারিশস্ উপদ্বীপে যথেষ্ট চিনি এবং কাওয়া উৎপন্ন হয়। মরকো হইতে উত্তম চর্ম্ম, কুলি দানা, এবং আস্ত্রিচ পক্ষির পক্ষ পাওয়াযায়।

আফ্রিকাস্থ আস্ত্রিচ পক্ষী পৃথিবীর সমুদয় পক্ষী অপেক্ষা বৃহৎ। এবং তত্রস্থ সিংহ অতি ভয়ানক।

জাতি বিশেষের স্বভাব।

মিশর লোক অলস, দরিদ্র, এবং দুষ্কর্ম্মী। এদেশীয় পুরাতন কপ্ত নামক জাতির অত্যল্প লোক এইক্ষণে আছে। বার্ব্বারি রাজ্যবাসি আরব, তুরুক, মুর এবং য়িহুদীজাতি অতি নিষ্ঠুর, বিশ্বাসঘাতক, গর্ব্বিত এবং বিখ্যাত বোম্বেটিয়া। আফ্রিকার মধ্যস্থলে নিগ্রোদিগের বাস, তাহারদিগের কৃষ্ণবর্ণ, স্থূল ওষ্ঠ এবং চাচর কেশ, এবং তাহারদিগের মধ্যে কতক লোক সুবুদ্ধি শিষ্ট এবং আতিথেয় আর অপর কতক লোক নিষ্ঠুর

উত্তর আমেরিকাস্থ দেশসকলের পরিমাণ ও লোকসংখ্যা।

দেশ	চতুরস্র ক্রোশ	লোক সংখ্যা
রুষিয়া আমেরিকা	১২৫০০০	৫০০০০
গ্রীনলণ্ড	২১০০০০	২০০০০
ব্রিটিসআমেরিকা... ..	৫৭৭৫০০	১৩৬০০০০
সংযোজিত রাজ্য	৫৭৫০০০	১৬৫০০০০০
টেক্সাস	৫০০০০	৬০০০০
মেক্সিকো	৩৭৫০০০	৮০০০০০০
গোয়াটিমালা	৫০০০০	২০০০০০০
পশ্চিম ইণ্ডিয়া	২৫০০০	২৯৭০০০০
সর্ব্বসুদ্ধ	১৯৮৭৫০০	৩০৯৬০০০০

দক্ষিণ আমেরিকাস্থ দেশসকলের পরিমাণ ও লোকসংখ্যা।

দেশ	চতুরস্র ক্রোশ	লোক সংখ্যা
নব গ্রেনেডা	১১২৫০০	১৬৮৭০০০
বেনেজুয়েলা	১০৫০০০	৯০০০০০
ইকোয়াডর	৭০০০০	৬০০০০০
গায়েনা ..., ...	৪০০০০	১৮২০০০
উত্তর পেরু	৭৫০০০	৭০০০০০
দক্ষিণ পেরু	৩২৫০০	৮০০০০০
বলিবিয়া	১১২৫০০	১৭১৬০০০
চিলি	৪২৫০০	১৫০০০০০
ব্রেজিল	৮৪৭৫০০	৫০০০০০০
বিউনস্ এরিস্.... ..	১৮৭৫০০	৭০০০০০
পারাগায়	২২০০০	১৫০০০০
ইউরাগায়	২৩০০০	৭৫০০০
পেটেগোনিয়া	৯২৫০০	৩০০০০
সর্ব্বসুদ্ধ	১৭৬২৫০০	১৪০৪০০০০

দৃষ্ট ইত্যাদি। পূর্ব্বে তাহারা পশুবৎ ক্রীত বিক্রীত হইত, এবং ইউরোপস্থ লোকেরা তাহারদিগেরকে ক্রয় বা বলপূর্ব্বক হরণ করিয়া কৃষিকার্য্যের জন্যে আমেরিকায় প্রেরণ করিতেন, কিন্তু ইদানীং সেরূপ দাসবাণিজ্য নিষিদ্ধ হইয়াছে। হাতেন্তাতেরা এবং কাফ্রিরা অতি মূর্খ কিন্তু মিসেনারিগণ তাহারদিগেরকে নম্র এবং সূক্ষ্ম বলিয়া থাকেন।

জাতিবিশেষের ধর্ম্ম এবং শাসন।

বার্বারি রাজ্য, মিশর দেশ এবং উত্তর দিকের অন্য২ দেশমধ্যে মহম্মদের ধর্ম্ম প্রচলিত। নিগ্রো, হাতেন্তাত এবং কাফ্রিজাতি পৌত্তলিক, তন্মধ্যে অনেকে একেবারে ধর্ম্মশূন্য বোধ হয়। খবসিরা অর্থাৎ আবিসিনিয়ার লোকেরা ভ্রষ্ট খ্রীষ্ট ধর্ম্মাবলম্বী।

সমুদয় রাজ্য একাধিপতি কর্তৃক শাসিত হয়, এবং শাসন কর্ত্তারা অতিশয় দুষ্কর্ম্মী এবং অত্যাচারি।

৭ অধ্যায়।

আমেরিকা।

আমেরিকার উত্তরসীমা উত্তরে মহাসাগর, দক্ষিণ সীমা দক্ষিণ মহাসাগর, পূর্ব্বসীমা আট্লাণ্টিক মহাসাগর, এবং পশ্চিম সীমা পাসিফিক মহাসাগর।

আমেরিকা দুই অংশে বিভক্ত আছে, যথা উত্তর আ-

মেরিকা এবং দক্ষিণ আমেরিকা। এই দুই বৃহৎপ্রায়ো দ্বীপ পানামা ডমরুমধ্য দ্বারা সংযোজিত আছে।

আমেরিকাস্থ প্রাচীন লোকেরা অতি অসভ্য ছিল কিন্তু ইদানীং তথায় যত সভ্য মনুষ্য দৃষ্ট হয় তাহারা সকলেই ইউরোপীয় জাতির বংশ, তন্মধ্যে কতিপয় জাতি স্বদেশের সহিত রাজকীয় বিষয়ের বিচ্ছেদ করিয়াছেন এবং অপর কতক জাতি অদ্যাপি সম্বন্ধ রাখেন।

উত্তর আমেরিকার পরিমাণ ১৯৮৭৫০০ চতুরস্র ক্রোশ এবং তথায় ৩০৯৬০০০০ লোকের অবস্থিতি। তন্মধ্যে নিম্ন লিখিত কতিপয় রাজ্য আছে।

উত্তর পশ্চিমাংশে রুষ আমেরিকা। রাকিপর্ব্বতের পূর্ব্বে এবং পঞ্চ বৃহৎ হ্রদের উত্তরে যে সমুদয় দেশ তাহার নাম ব্রিটিস আমেরিকা। পঞ্চহ্রদ হইতে মেক্সিকো ক্ষুদ্রাখাত পর্য্যন্ত এবং মিসিসিপী নদী হইতে আটলাণ্টিক মহাসাগর অবধি যে বৃহৎ দেশ এবং মিসিসিপী নদীর পশ্চিমে লুয়িজিয়ানা নামে যে দেশ তাহার নাম সংযোজিত রাজ্য। দক্ষিণে মেক্সিকো এবং গোয়াটিমালা রাজ্য।

পূর্ব্বে গ্রীনলণ্ড এবং তৎসহযোগি বৃহৎভূমি খণ্ডকে আমেরিকার উত্তর শেষাংশ বোধ করা গিয়াছিল, আধুনিক অন্বেষণে অবগতি হইয়াছে যে বেফিন্

অখাত এবং বেরিং মোহানার মধ্যে এক পথ আছে, কিন্তু সে পথ বরফে রুদ্ধ থাকে।

দক্ষিণ আমেরিকার পরিমাণ ১৭৬২৫০০ চতুরস্র ক্রোশ এবং তথায় ১৪০৪০০০০ লোকের অবস্থিতি। তন্মধ্যে পশ্চাল্লিখিত কতিপয় রাজ্য আছে যথা।

উত্তর পশ্চিমে কোলম্বিয়া রাজ্য। উত্তরে গায়েনা দেশ ওরিণকো নদী এবং আমেজন্ নদীর মধ্যবর্ত্তি। পশ্চিমে পেরু এবং চিলি রাজ্য। মধ্যস্থলে অথচ আমেজন্ নদীর দক্ষিণে আমেজোনিয়া রাজ্য। পূর্ব্ব ভাগে ব্রেজিল। দক্ষিণে লাপ্লাটা দেশ চিলি এবং ব্রেজিলের মধ্যবর্ত্তী। এবং লাপ্লাটার দক্ষিণে পেটেগোনিয়া।

রাজ্যের প্রধান২ খণ্ড।

ব্রিটিস্ আমেরিকা পশ্চাল্লিখিত কতিপয় অংশে বিভক্ত আছে, যথা হড্সন্ অখাতের পশ্চিম ভাগস্থ রাজ্য। উক্ত অখাতের পূর্ব্বে নব ব্রিটন। তাহার দক্ষিণে উত্তর কানেডা এবং দক্ষিণ কানেডা। সেণ্ট লারেন্স নদীর পূর্ব্বে নব বরন্সুইক্। তাহার পূর্ব্বে নবাস্কোস্য়িা প্রায়োদ্বীপ।

উত্তর আমেরিকার সংযোজিত রাজ্য চতুর্বিংশতি অংশে বিভক্ত আছে, যথা মেইন্, নব হাম্পসায়ের, বর্মণ্ট, মাসাচসেট্স, কানেকটিকট্, এবং রোড উপ

দ্বীপ, ইহারদিগকে নব ইংলণ্ড/বা পূর্ব্ব রাজ্য বলা যায়। নব ইয়র্ক, নব জর্সী, পেনসিল্‌বিনিয়া, এবং দেলাওর, ইহারা মধ্য রাজ্য নামে খ্যাত আছে। অহিয়ো, ইণ্ডিয়ানা, ইলিনোইস, কেণ্টকি, টেনেসি, আলেবামা, মিসিসিপি, লুয়িজিয়ানা, এবং মিসোরি, ইহারদিগেরকে পশ্চিম রাজ্য বলে। মেরিলণ্ড, বর্জিনিয়া, উত্তর কেরোলাইনা, দক্ষিণ কেরোলাইনা, এবং জর্জিয়া, ইহারদিগের নাম দক্ষিণ রাজ্য।

গায়েনার অন্তঃপাতি কেইন দেশ এবং তন্নিকট স্থ দেশ ফরাসীদের অধীন। সুরিনাম ওলোন্দাজের অধীন। এবং দিমারারা ইংরাজের অধীন।

রাজধানী এবং প্রধাননগর।

ব্রিটিস আমেরিকার রাজধানী কুইবেক লারেন্স নদীর তীরে। তাহার প্রধান নগর মণ্ট্রিল লারেন্স নদীরতীরে। কিংষ্টন ওন্তারিয়োহ্রদের উত্তর পূর্ব্বতীরে। ইয়র্ক তাহার দক্ষিণ পশ্চিম তীরে। ফ্রেডরিক নগর নব বরন্‌স্‌ইকের অন্তঃপাতি। হালিফাক্স নগর নবাস্কোসিয়ার অন্তঃপাতি। পূর্ব্বোক্ত কুইবেক এবং মণ্ট্রিল উত্তর কানাডার মধ্যস্থ। কিংষ্টন এবং ইয়র্ক নগর দক্ষিণ কানাডার মধ্যস্থ।

সংযোজিত রাজ্যের রাজধানী ওয়াসিংটন পোটোমাক নদীর ধারে তাহার প্রধান নগর কিলে-

ডেলাক্সিয়া পেন্‌সিল্‌ বিনিয়ার অন্তঃপাতি দেলোয়ার নদীর ধারে। বোষ্টন নবইংলণ্ডের অন্তঃপাতি। চার্লস্টন দক্ষিণ কেরোলিনার অন্তঃপাতি। রিচ্মণ্ড বর্জিনিয়ার অন্তঃপাতি। তদ্ব্যতীত নবইয়র্ক নামক প্রধান বন্দর আছে, সর্ব্বাপেক্ষা ইহাতে, অধিক লোকের বসতি।

মেক্‌সিকোর রাজধানী মেক্‌সিকো আমেরিকার সকল নগর অপেক্ষা প্রাচীন এবং বহুলোক বিশিষ্ট। তাহার প্রধান বন্দর বিরাক্রুজ্‌। আকোপুল্‌কো নামক এক বন্দর পশ্চিমতীরে আছে।

গোয়াটিমালার প্রধান নগর গোয়াটিমাল এবং কুইদাদ্রিয়াল।

কোলম্বিয়ার রাজধানী শান্তফি। তাহার প্রধান নগর কুইটো আণ্ডিজ পর্ব্বতের নীচে অথচ সমুদ্র হইতে ৬৬৬৬ হস্ত ঊর্দ্ধে স্থাপিত আছে। কার্থেজিনা বন্দর উত্তর তীরে।

গায়েনার প্রধান নগর কেইন। এবং পারামারিবো নামক এক ওলোন্দাজের নগর। কেইনে বিখ্যাত মরীচ জন্মে।

পেরুর রাজধানী লিমা। আণ্ডিজ পর্ব্বতস্থ কজ্‌কো নগর ইহার প্রাচীন রাজধানী ছিল।

চিলির রাজধানী শান্তিয়াগো। তাহার বন্দর বাল্‌পারেশো প্যাসিফিক্‌ মহা সাগরের তীরে।

লাপ্লাটার রাজধানী বিউনস্এরিস্ লাপ্লাটা নদীর মোহানার ধারে স্থাপিত আছে।

ব্রেজিলের রাজধানী সেণ্ট সিবাষ্টিয়ান জেনিরো নদীর ধারে। তাহার বন্দর বোহিয়া বা সেণ্ট সাল্‌বেডর এবং ওলিন্দা।

পশ্চিম ইণ্ডিয়া উপদ্বীপ সমূহের অন্তর্গত জেমেকার প্রধান নগর কিংস্টন এবং কিউবার প্রধান নগর হাবানা।

পর্ব্বত।

এক পর্ব্বতশ্রেণী আমেরিকার পশ্চিম তীরে মাগেলেন মোহানা হইতে উত্তর কেন্দ্রিয় মণ্ডল পর্য্যন্ত ব্যাপ্ত আছে। তন্মধ্যে কোন২ পর্ব্বত অতি উচ্চ।

দক্ষিণ আমেরিকাস্থ আণ্ডিজ বা কর্ডিলেরাস্ পর্ব্বত শ্রেণী পৃথিবীস্থ সমুদয় পর্ব্বত শ্রেণী অপেক্ষা দীর্ঘ এবং উচ্চ। তন্মধ্যে চিম্বরাজো পর্ব্বতশৃঙ্গ সর্ব্বাপেক্ষা উচ্চতম, তাহার উচ্চতা ১৪৩০৯ হস্ত। আন্তিসানা নামক এক নির্ব্বাণ অনলাধার পর্ব্বত ১২৭৫.৬ হস্ত উচ্চ। এবং কোটোপাক্সী অনলাধার পর্ব্বত ১২৫৮০ হস্ত উচ্চ। ইহারা সকলে কুইটোর নিকটবর্ত্তী আণ্ডিজ পর্ব্বত শ্রেণীর মধ্যে এই কতিপয় পর্ব্বত অতি প্রধান।

মেক্সিকোর পর্ব্বত ব্যতীত উক্ত শ্রেণীর দক্ষিণ

ভাগ অপেক্ষা উত্তর ভাগ অতি ক্ষুদ্রতর। মেক্সিকো দেশস্থ পোপোকাটাপেট অনলাধারপর্ব্বত সর্ব্বাপেক্ষা উচ্চতম। উত্তর কেন্দ্রীয় মণ্ডলের নিকটস্থ শ্রেণী ভাগকে রাকি পর্ব্বত বলে। তাহার উচ্চতা ১০৬৬৬ হস্ত।

পূর্ব্বদিকে এপালাচিয়ান্ বা এলিগানী পর্ব্বত সংযোজিত রাজ্যের উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত ব্যাপ্ত আছে। তাহার উচ্চতা ২০০৬ হস্ত।

প্রায়োদ্বীপ।

নব বরন্সুইকের পূর্ব্বদিগে নবাস্কোসিয়া প্রায়োদ্বীপ। সংযোজিত রাজ্যের দক্ষিণে পূর্ব্ব ফোরিডা। মেক্সিকো দেশে ইউকুতান। উত্তর আমেরিকার পশ্চিম তীরস্থ কালিফোর্ণিয়া। হডসন্ মোহানার উত্তরে এবং দক্ষিণে দুই প্রায়োদ্বীপ আছে।

অন্তরীপ এবং অন্তরাল।

ব্রাদেল ফিউগোর দক্ষিণে হরন্ অন্তরীপ। ব্রেজিল্ দেশে সেণ্টরোক অন্তরীপ। গ্রীন্লণ্ডের দক্ষিণে ফেয়ারোয়েল অন্তরীপ। উত্তর পশ্চিম ভাগে আলস্কা অন্তরাল।

উপদ্বীপ।

উত্তর আমেরিকা এবং দক্ষিণ আমেরিকার মধ্যবর্ত্তী পশ্চিম ইণ্ডিয়া নামক উপদ্বীপ সমূহ অতি

বিখ্যাত, যথা, বাহামা, বৃহৎ আণ্টিলিস্, ক্ষুদ্র আণ্টিলিস্, কারিবীজ, এবং বর্মুদা উপদ্বীপ সমূহ।

বৃহৎ আণ্টিলিসের অন্তর্গত কিউবা এবং পোর্ট-রিকো উপদ্বীপ। চিলির পশ্চিমে জুয়ান্ ফর্ণান্দেজ। চিলির দক্ষিণে কিলো উপদ্বীপ। পেটেগোনিয়ার পূর্ব্বে ফাক্‌লণ্ড উপদ্বীপ সমূহ। ইহারা স্পেইনের অধীন।

বৃহৎ আণ্টিলিসের অন্তর্গত জেমেকা উপদ্বীপ। কারিবীজের অন্তর্গত বার্বাদোষ, আণ্টিগুয়া, সেণ্ট-বিনসেণ্ট, ত্রিনিদাদ, এবং অন্য২ উপদ্বীপ। বর্ম্মদা উপদ্বীপ সমূহ। কানাডার পূর্ব্বে নিউফৌণ্ড লণ্ড উপদ্বীপ। উত্তর আমেরিকার পশ্চিমে কোয়াদ্রা উপদ্বীপ ইহারা মহাবৃটনের অধীন।

কারিবীজের অন্তর্গত গোয়াডালোপ, মার্টিনিক এবং অন্য২ উপদ্বীপ ফরাশীশের অধীন।

ক্ষুদ্র আণ্টিলিসের অন্তর্গত কিউরেকোয়া এবং কারিবীজের অন্তর্গত সেণ্ট ইউষ্টেসিয়া উপদ্বীপ ওলোন্দাজের অধীন।

হেটি বা সেণ্ট ডোমিঙ্গো পশ্চিম ইণ্ডিয়ার কিউবা ভিন্ন সকল উপদ্বীপ অপেক্ষা বৃহৎ। তাহাতে পূর্ব্বে স্পানিয়া এবং ফরাশীশ জাতির অধিকার ছিল, ইদানীং তাহাতে নিগ্রোজাতির রাজত্ব হইয়াছে।

মাগেলান মোহানার দক্ষিণে ত্রাদেল ফিউগো

উপদ্বীপ সমূহ। কুইটোর পশ্চিম দিগস্থ গালাপাগোস উপদ্বীপ সমূহে অদ্যাপি লোক বসতি হয় নাই।

সাগর অখাত এবং ক্ষুদ্রাখাত।

আমেরিকা মহাদ্বীপ এবং কারিবীস্ উপদ্বীপের মধ্যে কারিবিয়ান্ সাগর। উত্তর পূর্ব্বভাগে বেফিন অখাত এবং হুড্সন অখাত। মেক্সিকো এবং ফ্লোরিডার মধ্যে মেক্সিকো ক্ষুদ্রাখাত। ফ্লোরিডা এবং বহামার মধ্যে ফ্লোরিডা ক্ষুদ্রাখাত। হণ্ডুরা অখাত কাম্পিচা অখাত এবং দেরায়েন্ ক্ষুদ্রাখাত কারিবিয়ান্ সাগরের শাখা।

নিউফৌণ্ডলণ্ড এবং মহাদ্বীপের মধ্যস্থলে সেণ্ট লারেন্স ক্ষুদ্রাখাত। নবাস্কোসিয়া এবং নব ব্রুন্সুইকের মধ্যে ফন্দী অখাত। কালিফোর্নিয়া এবং মেক্সিকোর মধ্যে কালিফোর্ণীয়া ক্ষুদ্রাখাত। কোয়াড্রার মধ্যে নুট্কা সৌণ্ড ক্ষুদ্রাখাত।

মোহানা।

ডেবিস্ মোহানা বেফিন্ অখাতের প্রবেশদ্বার। হড্সন্ অখাতের প্রবেশদ্বার মাগেলন্ মোহানা ত্রাদেল ফিউগো এবং পেটেগোনিয়ার মধ্যবর্ত্তী।

নদী।

উত্তর আমেরিকার মধ্যে—মিসিসিপি নদী পশ্চিম পর্ব্বতে উদ্ভব পূর্ব্বক মিসোরি ওহিয়ো এবং

রক্ত নদীর সহ সংযোগানন্তর দক্ষিণ বাহিনী হইয়া মেকসিকো ক্ষুদ্রাখাতে নির্গতা হয়। এই নদী পৃথিবীস্থ সমুদয় নদী অপেক্ষা সুদীর্ঘ, ইহার দীর্ঘতা ১৮৮০ ক্রোশ।

সেণ্ট লারেন্‌স নদী উত্তর হ্রদ সমূহের বহির্দ্বার স্বরূপ হইয়া উত্তর পূর্ব্বমুখে সেণ্ট লারেন্‌স ক্ষুদ্রাখাতে নির্গতা হয়। দীর্ঘতা ৫৯০ ক্রোশ।

রিয়োদেল নর্টা নদী মেক্‌সিকোর পর্ব্বতে উৎপন্না হইয়া দক্ষিণ পূর্ব্ব মুখে মেক্‌সিকো ক্ষুদ্রাখাতে নির্গতা হয়।

দক্ষিণ আমেরিকার মধ্যে — মারেনন্‌ বা আমেজন নদী পেরুর আণ্ডিজ পর্ব্বতে উৎপন্না হইয়া উত্তর পূর্ব্বমুখে আটলাণ্টিক মহাসাগরে নির্গতা হয়। ইহার প্রবাহ-কালীন ২০০ শাখা নদীর সহিত সংযোগ হইয়াছে তন্মধ্যে মাদেরা শাখা নদী প্রধানা। এই নদীর দীর্ঘতা ১৬৭৫ ক্রোশ।

চিলির আণ্ডিজ পর্ব্বতে উৎপন্না পারাগায়, ইউরাগায়, এবং মারেনা নদীর যোগে রিয়োদিলাপ্‌লাটা নদী জন্মে। এবং ইহার মোহানা হইতে ১০০ ক্রোশ অন্তরে বিউনস্‌ এরিস দেশের নিকট ১৫ ক্রোশ প্রশস্থ হইয়া আটলাণ্টিক মহাসাগরে নির্গতা হয়। ইহার দীর্ঘতা ১২০০ ক্রোশ।

ওরিণকো নদী গায়েনা হইতে উদ্ভব পূর্ব্বক বর্ত্তুলা কৃতি হইয়া ত্রিনিদাদ দেশের দক্ষিণে আট্লাণ্টিক মহাসাগরে নির্গতা হয়। ইহার দীর্ঘতা ৮০০ ক্রোশ। সস্কুই হানা নদী ৩০০ ক্রোশ দীর্ঘ।

উত্তর আমেরিকাস্থ হ্রদ

অণ্টারিও, এরাই, হিউঁরন্, মিচিগান এবং সুপিরিয়র্ নামক পঞ্চবৃহৎ হ্রদ পরস্পর সংযোজিত হওয়াতে তন্নিকটস্থ দেশে ভূমধ্যস্থ বাণিজ্যের সুযোগ হইয়াছে। ওণ্টারিও এবং এরাই হ্রদের মধ্যে নায়ে-গারা নামক এক বৃহৎ নির্ঝর আছে। উইনিপেগ, স্লেব হ্রদ, বেয়ার হ্রদ, এবং অন্য কতিপয় হ্রদ সুপিরিয়র হ্রদের উত্তর পশ্চিমে শ্রেণীবদ্ধ রূপে আছে। বর্মণ্ট-দেশে চেম্পোলেন্ হ্রদ এবং মেক্সিকো দেশে নিকারা গুয়া হ্রদ।

দক্ষিণ আমেরিকাস্থ হ্রদ।

লাপ্লাটার আণ্ডিজ্পর্ব্বতে টিসিয়াকা হ্রদ এবং কোলম্বিয়াদেশে (ক্ষুদ্রখাতের ন্যায়) মারাকেবো হ্রদ।

বাণিজ্যোপযোগি দ্রব্য।

পশ্চিম ইণ্ডিয়া হইতে তুলা নারিকেল, কাওয়া, চিনি, তাম্রকুট, রম নামক মদিরা, বাহাদুরী কাষ্ঠ, লাগউড নামক রঙ্গ প্রভৃতি পাওয়া যায়, এবং তাহা তে আনারস, কমলালেবু, কলা প্রভৃতি ফল জন্মে।

কানাডা হইতে তাম্রকূট, ক্ষার, বাহাদুরীকাষ্ঠ, ফর (নামক লোম) ও যব প্রভৃতি শস্য জন্মে। সংযোজিত রাজ্যহইতে চিনি কার্পাস তাম্রকূট তণ্ডুল, যব প্রভৃতি পাওয়া যায়। বর্জিনিয়া দেশের তাম্রকূট এবং জর্জিয়া এবং কেরোলাইনা দেশোৎপন্ন কার্পাস ও তণ্ডুল অতি উত্তম। মেক্সিকো এবং পেরুদেশে বিখ্যাত স্বর্ণ রজতের খণি আছে, বিশেষতঃ পেরুর দক্ষিণভাগস্থ প্যাটাসি দেশের রজতাকর অতি উৎকৃষ্ট, পেরুভিয়ান্ বার্ক নামক ঔষধ প্রথমে পেরু হইতে আনীত হইয়াছিল। ব্রেজিল হইতে যথেষ্ট হীরক স্বর্ণ এবং রৌপ্য পাওয়া যায়। মেক্সিকোর অন্তঃপাতি কাম্পিচি হইতে লাগউড নামক রঙ্গ এবং হণ্ডুরাস্ হইতে ঐ রঙ্গ এবং মেহাগ্নিকাষ্ঠ প্রাপ্ত হওয়া যায়।

জাতিবিশেষের বিবরণ।

আমেরিকাস্থ পুরাতন লোকেরা ইণ্ডিয়ান্ নামে খ্যাত ছিল। অদ্যাপিও তাহারদিগের বংশাবলির ঐ নাম আছে। উত্তর আমেরিকার উত্তর এবং উত্তর পূর্ব্বতীরে ইস্কইমাক্স নামক লোকেরা বাস করে। সংযোজিত রাজ্যবাসী কর্ত্তৃক ইণ্ডিয়ানেরা শিল্পজ্ঞ এবং সভ্য হইতেছে। চেরোকী এবং ইরোকুয়ারা অনেক সভ্য হইয়াছে। সংযোজিত রাজ্যস্থ সুসভ্য লোকেরা ব্রিটিস বংশোদ্ভব। স্পানিয়া বংশোদ্ভব

মেক্‌সিকানেরা তাহারদিগের পূর্ব্বপুরুষ হইতে দূর্দ্দশান্বিত হইয়াছে।

দক্ষিণ আমেরিকার অনেক লোকই ইণ্ডিয়ান জাতি এবং তন্মধ্যস্থ অনেকেই স্পানিয়া এবং পোর্ত্তুগীশের অধীন। মেগেলেন্ মোহানার নিকটস্থ পেটেগোনিয়া জাতিরা অতি দীর্ঘ এবং বলবান। চিলির আরাকনিয়া জাতি অতিশয় যোদ্ধা। কারিব জাতি আত্যন্তিক অহঙ্কারি এবং নিষ্ঠুর। কারিবেরা এবং আরোকেরা গায়েনার অধিকাংশে বাস করে। আবিপোনি জাতি লাপ্‌লাটা নদীর তীরে বাস করে।

জাতিবিশেষের ধর্ম্ম।

ইণ্ডিয়ানেরা প্রায় পৌত্তলিক, অতি অল্প লোক সম্প্রতি খ্রীষ্টধর্ম্ম গ্রহণ করিয়াছে। স্পানিয়া এবং পোর্ত্তুগীশের বংশোদ্ভব লোক কাথলিক ধর্ম্মাবলম্বী। সংযোজিত রাজ্যএবং ইংরাজাধিকৃতদেশে প্রোটেষ্টেণ্ট খ্রীষ্টধর্ম্ম প্রচলিত আছে।

৮ অধ্যায়।

অস্ট্রালিয়া।

অস্ট্রালিয়ার মধ্যে পশ্চাল্লিখিত দেশ, সকল আছে যথা নব হলণ্ড, ম্যাণ্ডিমানলণ্ড, পাপুয়া বা নবগিনি, নব বৃটেন, নব. আয়র্লণ্ড, নব কালেডোনিয়া, নব হেব্রাইডিস, এবং তন্নিকটস্থ অন্যান্য উপদ্বীপ সমূহ।

ব্রিটেন দেশীয় মনুষ্যেরা ১৮০৪ সালে নব হলণ্ডের উত্তর ভাগে অর্থাৎ নব ওয়েলস দেশে এবং বান্দিমানল্ণ্ড উপদ্বীপে বাসারম্ভ করিয়াছে। এই সকল উপদ্বীপস্থ লোকেরা নিতান্ত অসভ্য বিশেষতঃ নব জীলণ্ডবাসি মনুষ্যগণ মনুষ্য মাংস আহার করে। নব দক্ষিণ ওয়েলস দেশস্থ শিড্নী নামক স্থানে এক সুচারু ব্রিটেনীয় লোকের বসতি আছে। এবং বান্দিমান্ লণ্ডের দক্ষিণ তীরে হ্যার্ট টৌন নামক এক ব্রিটিস লোকের বসতি স্থান আছে। মহা ব্রিটনের অপরাধি মনুষ্যেরা দেশান্তর হইয়া ১৭৪৭ সালে বোটানীবে দেশে বাসারম্ভ করে।

নব হলণ্ড এবং বান্দিমান্ লণ্ডের মধ্যে ব্যাস মোহানা। নব জীলণ্ড নামক উপদ্বীপদ্বয়ের মধ্যবর্ত্তী কুক্ মোহানা।

অস্ট্রালিয়ার পরিমাণ ৮৭৫০০০ চতুরস্র ক্রোশ এবং তাহাতে ১৯০০০০০ মনুষ্যের বসতি।

৯ অধ্যায়।

পলিনাশিয়া।

পাসিফিক্ মহা সাগরস্থ যে সকল উপদ্বীপ অস্ট্রালিয়া এবং ফিলিপাইন উপদ্বীপ সমূহের মধ্যস্থলে আছে তাহারদিগের নাম পলিনাশিয়া। তাহাতে অনেক২ উপদ্বীপ সমূহ আছে যথা।

লাদ্রোণ উপদ্বীপ সমূহ মাগেলান্ নামক বিখ্যাত নাবিক দ্বারা ইং ১৫১২ সালে প্রকাশিত হয়। লাদ্রোণ এবং কেরোলাইন উপদ্বীপ সমূহ স্পেইনের অধীন।

আমেরিকা এবং আসিয়ার মধ্যবর্ত্তী পিলু উপদ্বীপ সমূহ, কেরোলাইন্ উপদ্বীপ সমূহ সাণ্ডুইচ উপদ্বীপ সমূহ। আমেরিকা এবং অস্ট্রালিয়ার মধ্যবর্ত্তী ফ্রেণ্ডলি উপদ্বীপ সমূহ নাবিক উপদ্বীপ সমূহ, সোসাইটী উপদ্বীপ সমূহ এবং মার্কুইসাস্ উপদ্বীপ সমূহ।

সাণ্ডুইচ উপদ্বীপ সমূহের অন্তর্গত ওহাইহী উপদ্বীপবাসি লোকেরা ইং ১৮১৯ সালে পৌত্তলিক ধর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক খ্রীষ্টধর্ম্ম গ্রহণ করিয়াছে। এই উপদ্বীপের লোকেরা হঠাৎ রাগবশতঃ শ্রীযুক্ত কাপ্তেন কুক্ সাহেবকে নষ্টকরিয়াছিল।

ফ্রেণ্ডলি উপদ্বীপ সমূহের অন্তর্গত ফিজি উপদ্বীপ বাসী লোকেরা পলিনাশিয়ার মধ্যে অতি অসভ্য। পলিনাশিয়ার মধ্যে সোসাইটী এবং জর্জিয়ান্ উপদ্বীপ সমূহস্থ লোকেরা সর্ব্বাগ্রে খ্রীষ্টধর্ম্ম গ্রহণ করে। পিট্কেরন্উপদ্বীপবাসি লোকেরাইংরাজি ভাষাকহে।

পলিনাশিয়ার পরিমাণ ৩৭৫০০ চতুরস্র ক্রোশ এবং তাহাতে ৬৫০০০০ মনুষ্যের বসতি।

সমাপ্তঃ।

সুদ্ধিপত্র।

অশুদ্ধ	শুদ্ধ	পত্র	পংক্তি
পারিমাণ	প্রমাণ	১	১৪
রেখাভূমি	বিষুবরেখা	৪	৬
তাহারদিগকে	তাহারদিগের	৫	২
বেষ্ঠিত	বেষ্টিত	৮	১২
ইউরোপ	ইউরোপওআফ্রিকা	১০	১৭
আমুর	আমু	১৩	৪
যাপন	যাপান	১৩	১৬
আখাত	অখাত	১৭	১
এই নদী দীর্ঘ	দীর্ঘ,	১৮	১৮
শাষন	শাসন	২১	১১
কালোজ	কানৌজ	২৩	২২
গবাক্	গুবাক্	৩১	২২
অহিকেণ	অহিফেণ	৩২	১৪
রাজ্যমধ্যে	রাজ্য। মধ্যে	৩৩	১৯
পাপরাজ্য	পোপরাজ্য	৩৪	২

ঐ	ঐ	৩৫	.... ৩
মধ্যে	মধ্যে।	৪৪	.... ৩১
নাকক	নামক	৫২	.... ১৭
পাপ ...	পোপ	৫২	.... ২০
রাজ্য	রাজা	৫৩	.... ২
রাজা	রাজ্য ...	৫৩	.... ৩
সুক্ষ্ম ...	সূক্ষম	৬১	.... ৭
ফিলেডেল্‌ফিয়া	ফিলেডেল্‌ফিয়া	৬৪	.... ২২
আকোপুল্‌কো	আকাপুল্‌কো	৬৫	.... ৮
ফোরিডা	ফ্লোরিডা	৬৭	.... ১০
বহামার ...	বাহামার	৬৯	.... ৮